পুরশ্চরণোল্লাস

শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

ঈশান ১ পূর্ব ২ অগ্নি ৩

ল ক্ষ	ক খ গ ঘ ঙ	চ ছ জ ঝ ঞ
শ ষ স হ	অং অঃ · অ আ · ই ঈ / ও ঔ · · উ ঊ / এ ঐ · ঌ ৡ · ঋ ৠ	ট ঠ ড ঢ ণ
য র ল ব	প ফ ব ভ ম	ত থ দ ধ ন

উত্তর ১ ২ ৩ — দক্ষিণ

বায়ু পশ্চিম নৈঋত

নবভারত

পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড • কোলকাতা-৭০০ ০০৯

পুরশ্চরণোল্লাস

শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

নবভারত

পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড ● কোলকাতা-৭০০ ০০৯

গ্রন্থস্বত্ব ঃ-

নবভারত পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড

কোলকাতা - ৭০০ ০০৯

প্রকাশক ঃ-

শ্রীমতি রত্না সাহা ও শ্রী সুজিৎ সাহা

প্রথম প্রকাশ ঃ-

কালীপূজা, ১৪১৩

মুদ্রক ঃ-

বাবা লোকনাথ প্রিন্টিং

৪৭/৪৮, মাদারী পুর পল্লী

কোলকাতা-৭০০ ১১৮

বাঁধাই ঃ-

মা সারদা বুক বাইণ্ডিং

কোলকাতা - ৭০০ ১১৮

মূল্য ঃ ১৫০ টাকা মাত্র

উৎসর্গ

নবভারত পাবলিশার্স-এর প্রতিষ্ঠাতা ও
প্রাণপুরুষ ৺শ্রী রণজিৎ সাহার
করকমলে এই বইটি উৎসর্গ করা হইল।

পুরশ্চরণোল্লাস

শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

উৎসর্গ পত্র

মাতৃপূজার এই অর্ঘ্যটি আমার শ্রদ্ধেয় শিক্ষাগুরু অধ্যাপক শ্রী সুশান্ত বসু মহাশয়ের শ্রীকরকমলে অর্পিত হ'লো।।

পূজ্যপাদ শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি) মহারাজের লিখিত সারস্বত গ্রন্থমালা ঃ

(১) **বিবেক বিচিত্রা** ২৫ টাকা
প্রকাশক ঃ আপনার আপনজন প্রকাশনী
(স্বামী বিবেকানন্দের উপর লিখিত প্রবন্ধমালা)

(২) **ছোটদের স্বামী বিবেকানন্দ** ১৫ টাকা
প্রকাশক ঃ ওরিয়েন্ট লাইব্রেরি

(৩) **কাজের কবিতা (২ খণ্ড)** ৬০ টাকা
প্রকাশক ঃ রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন (বারাকপুর)
(মনে রাখার মতো কবিতার সংকলন)

(৪) **মন্ত্রকোষ** ৬০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার
(বীজ মন্ত্রের সূত্র বিশ্লেষণ)

(৫) **শ্যামা - সপর্য্যা-বিধি** ১৬০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার
(বীরাচারী তান্ত্রিক কালীপূজা পদ্ধতি)

(৬) **বগলা - সপর্য্যা - বিধি** ১০০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার
(বীরাচারী তান্ত্রিক বগলাপূজা পদ্ধতি)

(৭) **মহাচীনক্রমাচারসারতন্ত্র** ৪০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার
(তারা সাধনার গুহ্য সূত্র নির্দেশক গ্রন্থ)

(৮) **কালীতন্ত্রম্ ও কালীমূর্ত্তি রহস্য** ৪০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার

(৯) **পঞ্চ - মকার** ১৫০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত বুক ডিপো
(তান্ত্রিক পঞ্চ -মকার সাধনার বিস্তৃত আলোচনা)

(১০) **তন্ত্রের প্রতিষ্ঠা ও বিকাশের ইতিবৃত্ত** ৩০০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত বুক ডিপো
(আন্তর্জাতিক স্তরে খ্যাতিপ্রাপ্ত গ্রন্থ)

(১১) **তারাতন্ত্রম্** ৩০ টাকা
প্রকাশক ঃ নবভারত পাবলিসার্স

(১২) **বিশুদ্ধ-স্তব-কবচমালা** ৩০ টাকা
প্রকাশক ঃ ওরিয়েন্ট লাইব্রেরি
(নিত্য আবৃত্তিযোগ্য স্তব-কবচাদির সংকলন)

(১৩) **লোকনাথ পূজা পদ্ধতি** ২৫ টাকা
প্রকাশক ঃ ওরিয়েন্ট লাইব্রেরি

(১৪) **সন্ধ্যাসঞ্জীবনী ও স্তোত্ররত্নমালা** ২০ টাকা
প্রকাশক ঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার
(তান্ত্রিক ও কৌল সন্ধ্যাবিধি, দুর্লভ তান্ত্রিক
স্তবাদির সংকলন)

(১৫) **প্রেমের ঠাকুর রামকৃষ্ণ** ৫০ টাকা
প্রকাশক ঃ ব্রহ্মময়ী কালীমাতা চ্যারিটেবল সোসাইটি

সূচীপত্র

কথামুখ

অভিধানে 'পুরশ্চরণ' শব্দের ব্যুৎপত্তি এইভাবে নির্ণয় করা হয়েছে — পুরস্ + চর্ - অনট্ = পুরশ্চরণ। 'পুরস্' অর্থে অগ্রে এবং 'চর' অর্থে আচরণীয়-কে বোঝায়। অর্থাৎ দীক্ষাগ্রহণের পর সবার আগে যা করণীয়, তাই হলো পুরশ্চরণ। এই ক্রিয়া মন্ত্রযোগীর মন্ত্রপ্রধান সাধনার আদিকৃত্য। কুণ্ডলিনী শক্তির জ্ঞানলাভার্থ পুরশ্চরণ ক্রিয়া অনুষ্ঠিত হয়। কুণ্ডলিনী জীবের 'প্রাণশক্তি'। 'প্রাণ' সূক্ষ্ম বায়ুরূপা। রুদ্রযামল বলছেন — 'সা দেবী বায়বীশক্তিঃ'। জীবের এই প্রাণধারিণী বায়বীশক্তি 'প্রাণবিদ্যা' শক্তিময়ী কুণ্ডলিনীই সকল মন্ত্রের জনয়িত্রী। এমনকি গায়ত্রীমন্ত্রেরও উৎপত্তিস্থল। তাই যিনি কুণ্ডলিনী-তত্ত্ব করায়ত্ত্ব করতে পারবেন তিনিই যথার্থ বেদবিৎ। যোগচূড়ামণি বলছেন —

কুণ্ডলিন্যাং সমুদ্ভূতা গায়ত্রী প্রাণধারিণী।

প্রাণবিদ্যা মহাবিদ্যা যস্তাং বেত্তি স বেদবিৎ।।

আবার এই প্রসঙ্গে গৌতমীয়তন্ত্র বলছেন —

মূলপদ্মে কুণ্ডলিনী যাবন্নিদ্রায়িতা প্রভো।

তাবৎ কিঞ্চিন্নসিধ্যেত মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকম্।।

— যে পর্য্যন্ত সাধকের মূলাধারপদ্মস্থিতা কুণ্ডলিনীশক্তি সাধনার অভাবে নিদ্রিতা থাকেন, সে পর্য্যন্ত পুরশ্চরণমূলক মন্ত্র — যন্ত্রাদির অর্চনা সিদ্ধ হয় না। অবশ্য —

জাগর্ত্তি যদি সা দেবী বহুভিঃ পুণ্যসঞ্চয়ৈঃ।

তদা প্রসাদমায়াতি মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকম্।।

— তবে বহুপুণ্যবলে সেই কুণ্ডলিনী শক্তি একবার জাগ্রতা হন, তাহলে তাঁর কৃপায় সাধক মুক্তিলাভ করতে পারেন।

শাস্ত্রোক্ত 'পুণ্যবল' বলতে গুরুকৃপাবলকে বোঝান হচ্ছে। ক্রিয়াদক্ষ গুরুর কৃপায় সাধক-শিষ্যের কুণ্ডলিনী জাগ্রতা হন। ক্রিয়াদক্ষ গুরু কে? শ্রীরামচন্দ্রের গুরুদেব মহর্ষি বশিষ্ঠদেব বলছেন —

দর্শনাৎ স্পর্শনাৎ শব্দাৎ কৃপয়া শিষ্যদেহকে।

জনয়েদ্ যঃ সমাবেশং স হি দেশিকসত্তমঃ।।

— অর্থাৎ যাঁর অপূর্ব কৃপাদৃষ্টি, দৈবী-স্পর্শ, শব্দ বা চৈতন্যযুক্ত মন্ত্রোপদেশ দ্বারা শিষ্যদেহে শাম্ভব ভাবের আবেশ বা দৈবভাবানুভূর্তির উপলব্ধি হয়, তিনিই যথার্থ গুরু। স্বয়ং স্বয়ম্ভূও তাই বলেছেন — 'মন্ত্রচৈতন্যবিজ্ঞাতা গুরুরুক্তঃ স্বয়ম্ভূবা'। এ প্রসঙ্গে শ্রীসদাশিব বলেছেন —

স্বাপত্যানি যথা মৎস্যো বীক্ষণেনৈব পোষয়েৎ।

দৃগ্‌ভ্যাং দীক্ষোপদেশশ্চ তাদৃশঃ কথিতঃ প্রিয়ে।।

যথা পক্ষী স্বপক্ষাভ্যাং শিশূন্ সম্বর্দ্ধয়েচ্ছনৈঃ।

স্পর্শদীক্ষোপদেশশ্চ তাদৃশঃ কথিতঃ প্রিয়ে।।

যথা কূর্ম্মঃ স্বতনয়ান্ ধ্যানমাত্রেণ পোষয়েৎ।

বেদদীক্ষোপদেশশ্চ মানসঃ স্যাৎ তথাবিধঃ।।

— অর্থাৎ, হে প্রিয়ে, যেমন মৎস্য অন্তস্থিত নিজ সন্তানগুলিকে কেবল নিরীক্ষণ দ্বারাই পোষণ করে থাকে, সিদ্ধগুরুদেবও সেই রকম তাঁর দিব্য কৃপাদৃষ্টি প্রয়োগ দ্বারা শিষ্যদেহে অদ্ভুত শক্তি সঞ্চারিত করে দেন। একেই বলে **'দৃক্‌দীক্ষা'**।

পক্ষিগণ যেমন নিজ পক্ষপুট দ্বারা আবৃত রেখে অন্তস্থিত স্বীয় শাবকসমূহকে ক্রমে পুষ্ট ও বর্দ্ধিত করতে পারে, সিদ্ধগুরুদেবও সেইভাবেই 'অধিবাসাদি' দৈবী-ক্রিয়াসিদ্ধ স্পর্শন ক্রিয়া দ্বারাই শিষ্যের দেহে মন্ত্র-পুষ্টিকর-শক্তি সঞ্চারিত করে থাকেন। একেই বলে **'স্পর্শদীক্ষা'**।

কূর্ম যেমন ভূগর্ভে ডিম্ব-প্রসব করে, তা মৃত্তিকা-মধ্যে সমাহিত রেখেও কেবল নিজ চিন্তারূপ মানসিক ধ্যান দ্বারা তা পুষ্ট করে থাকে, সিদ্ধগুরুদেবও সেইভাবেই আত্মশক্তিপুষ্ট 'অভিষেকাত্মক' মনন-ক্রিয়া দ্বারাই অদ্ভুত বেদদীক্ষাযোগে শিষ্যের অন্তরে শক্তিসঞ্চার করে থাকেন। একেই বলে **'মানসদীক্ষা'**।

তত্ত্বদর্শী গুরুর কৃপায় সাধকের নিদ্রিতা কুণ্ডলিনী প্রবুদ্ধা হন। এই সময় সুষুম্নাস্থিত পদ্মগুলি ও তদন্তর্গত গ্রন্থিত্রয়ও ভেদ হয়ে শিষ্যের অভীষ্ট লাভ হয় —

সুপ্তা গুরুপ্রসাদেন, যদা জাগর্ত্তি কুণ্ডলী।

তদা সর্ব্বাণি পদ্মানি ভিদ্যন্তে গ্রন্থয়োঽপি চ।।

অবশ্য নিতান্ত পুণ্য-যোগলব্ধ 'প্রারব্ধ' ব্যতীত যথার্থ সদ্‌গুরু ও সু-শিষ্যের শুভ সম্মেলন হতে পারে না। তাই সদাশিব শ্রীশ্রীজদগম্বাকে বলছেন —

বেদদীক্ষকরোলোকে শ্রীগুরুদুর্ল্লভঃ প্রিয়ে।

শিষ্যোঽপিদুর্ল্লভস্তাদৃক পুণ্যযোগেন লভ্যতে।।

সুশিষ্য সদ্‌গুরুর কৃপালাভ করলে কুণ্ডলিনী জাগরণে সমর্থ হয়। তবে এস্থলে 'কৃপা' অর্থে করুণা নয়। কৃপা শব্দের অর্থ কৃ (কিছু করা) + পা (কিছু পাওয়া)। অর্থাৎ কিছু করে কিছু পাওয়া। 'কিছু করা' অর্থে বিশুদ্ধ অন্তকরণ ব্যক্তি দীক্ষান্তে অভীষ্ট মন্ত্রের সিদ্ধিকামনায় গুরুদেবের অনুমতি গ্রহণপূর্বক 'পুরষ্ক্রিয়া' বা পুরশ্চরণ সম্পন্ন করা।

গুরোরাজ্ঞাং সমাদায় শ্রদ্ধান্তঃকরণো নরঃ।

ততঃ পুরষ্ক্রিয়াং কুর্য্যাৎ মন্ত্র সংসিদ্ধিশ্চ কাম্যয়া।।

যথাবিধি স্বয়ং পুরশ্চরণ করাই মুখ্যকল্প। তবে অসামর্থ্য পক্ষে গুরু, তদভাবে তৎপুত্র-পৌত্র, তদভাবে সদাচারী শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ, তদভাবে সদ্‌গুণান্বিত মিত্র, তদভাবে সুশীলা ভার্য্যা বা সাধন তৎপরা পুত্রবতী সাধিকা বা স্ত্রীগুরু দ্বারা পুরশ্চরণ করানো যেতে পারে। অবশ্য প্রতিনিধিভেদে ফলভেদও হয়। শাস্ত্র বলছেন —

তস্মাদাদৌ স্বয়ং কুর্য্যাদ্ গুরুং বা কারয়েদ্বুধঃ।

গুরোরভাবে বিপ্রং বা সর্ব্বপ্রাণি হিতেরতম্।।

স্নিগ্ধং শাস্ত্রবিদং মিত্রং নানাগুণসমন্বিতম্।

স্ত্রিয়ং বা সদ্‌গুণোপেতাং সপুত্রাং বিনিয়োজয়েৎ।।

পুরশ্চরণ দ্বিবিধ। যথা — (১) মুখ্য বা পঞ্চাঙ্গ পুরশ্চরণ এবং (২) গৌণ বা খণ্ড পুরশ্চরণ। 'পঞ্চাঙ্গ পুরশ্চরণ' বলতে —

জপহোমৌ তর্পনাঞ্চাভিষেকো বিপ্রভোজনম্।

পঞ্চাঙ্গোপাসনং লোকে পুরশ্চরণমুচ্যতে।।

অর্থাৎ জপ, হোম, তর্পণ, অভিষেক, বিপ্রভোজন — এই পাঁচটি অঙ্গ নিয়ে মুখ্যকল্পে 'পঞ্চাঙ্গ-পুরশ্চরণ'। আবার মন্ত্রজপের সংখ্যা নির্দিষ্ট না করে মূলতঃ নির্দিষ্ট কাল বা সময়ের উপর ভিত্তি করে যে জপসাধন, তাকে বলে গৌণ বা খণ্ড-পুরশ্চরণ। যেমন — উদয়োদয়, উদয়াস্ত, অস্তাস্ত, অস্তোদয়, তিথিপুরশ্চরণ, নক্ষত্রপুরশ্চরণ, পক্ষ, মাস, ঋতু, বার, অয়ণ ও বর্ষ - পুরশ্চরণ। গ্রহণ পুরশ্চরণও এই খণ্ডপুরশ্চরণান্তর্গত। গ্রহণ পুরশ্চরণ মন্ত্রজপাত্মক শ্রেষ্ঠ খণ্ডপুরশ্চরণ বা গৌণপুরশ্চরণ। শাস্ত্র বলছেন —

যদ্যপি পুরশ্চরণমিদং পঞ্চাঙ্গ পরং তথা চ।

তথাপি গ্রহণাদৌ পুরশ্চরণপদং গৌণং জপমাত্রপরম্।।

যদিও জপ, হোম, তর্পন, অভিষেক ও ব্রাহ্মণ ভোজনরূপ বিশিষ্ট পুরস্ক্রিয়াকেই প্রকৃত বা মুখ্য-পুরশ্চরণ বলা হয়, তথাপি গ্রহণাদি বিশেষ কয়েকটি ক্ষেত্রে কেবল জপ-কেই গৌণপুরশ্চরণ বলে। গ্রহণাদি গৌণপুরশ্চরণে বা কাল-পুরশ্চরণে হোমাদি চতুরঙ্গ অনুষ্ঠান বিধি কোথাও আছে, কোথাও নেই। পঞ্চাঙ্গ যুক্ত অনুষ্ঠানকে পুরশ্চরণ বলা হলেও, সর্বত্রই যে পঞ্চাঙ্গ প্রয়োগ হবে তা নয়; যে যে স্থলে হোমাদির বিশেষ উল্লেখ আছে কেবল সেই সেই স্থলেই হোমাদি চতুরঙ্গের অনুষ্ঠান হবে। নতুবা কেবল জপের দ্বারাই গ্রহণাদি (বা কালাদি) (গৌণ বা) খণ্ডপুরশ্চরণ হতে পারে। অবশ্য কেউ যদি খণ্ডপুরশ্চরণেও পঞ্চাঙ্গ রীতি সম্পূর্ণত প্রয়োগ করে, তবে সেক্ষেত্রে কোন প্রত্যবায় হবে না। কর্মের অঙ্গহানি না হয়ে যদি বর্দ্ধিত হয়, তবে তা দোষাবহ নয়, বরং তাতে ফলবৃদ্ধি ঘটে। আবার অশক্ত পক্ষে কেবল জপ দ্বারাই পঞ্চাঙ্গ পুরশ্চরণের সব অঙ্গ সাধিত হতে পারে। এ বিষয়ে গ্রন্থমধ্যে বিস্তারিত আলোচনা দ্রষ্টব্য।

পুরশ্চরণের স্থান-কাল-বিধিনিষেধ প্রভৃতি বহুবিধ বিষয় গ্রন্থমধ্যে স্বতন্ত্র উল্লাসে (অধ্যায়ে) বিস্তারিত উল্লিখিত হয়েছে। এস্থলে তার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। তবে মন্ত্রসিদ্ধির সহায়ক দ্বাদশ বিধির বিষয় গ্রন্থারম্ভেই সুধী পাঠককে অবহিত করানো প্রয়োজন। এই দ্বাদশবিধি এইরূপ — (১) ভূশয্যা (২) ব্রহ্মচারিত্ব (৩) মৌনাবলম্বন (৪) আচার্য্যসেবা (৫) নিত্য স্নানাদিকর্ম (৬) সন্ধ্যাহ্নিক (৭) দান (৮) গুরু-দেবতার স্তব-স্তুতি (৯) নৈমিত্তিক পূজা (১০) দৃঢ়বিশ্বাস (১১) জপযজ্ঞে নিষ্ঠা এবং (১২) হাঁচি-হাইতোলা প্রভৃতি ক্ষুদ্রকর্ম পরিত্যাগ।

দ্বাদশবিধি পালনের সঙ্গে সঙ্গে অষ্টাঙ্গ-যোগবিধির অন্তর্গত 'যম' ও 'নিয়ম'

পালন আবশ্যক। 'যম' শব্দের অর্থ সংযম। যম দশবিধ। যথা — (১) অহিংসা (২) সত্য (৩) অস্তেয় (৪) ব্রহ্মচর্য্য (৫) দয়া (৬) ঋজুতা (৭) তিতিক্ষা (৮) ধৈর্য্য (৯) মিতাহার ও (১০) শৌচ। 'আদি যামল'-এ অবশ্য উন্নত সাধকদের জন্য ষড়বিধ যমের বিধান আছে। সেগুলি যথাক্রমে—(১) শান্তি (২) সন্তোষ (৩) মিতাহার (৪) নিদ্রার ন্যূনতা (৫) চিত্তবৃত্তির নিরোধ এবং (৬) অন্তঃকরণের শুদ্ধতা ও শূন্যতা!

'নিয়ম' শব্দের অর্থ শাস্ত্রনির্দিষ্ট কার্য্য। নিয়মও দশবিধ। যথা — (১) তপস্যা (২) অজগরবৃত্তি বা অযাচিতভাবে লব্ধবস্তুতে সন্তোষ (৩) আস্তিক্য বা ঈশ্বর ও শাস্ত্রকথায় বিশ্বাস (৪) দান (৫) নিত্য ও নৈমিত্তিক পূজা (৬) শাস্ত্রবাক্য শ্রবণ - মনন ও নিদিধ্যাসন। ধ্যানাভ্যাস। (৭) কুকর্মে লজ্জা (৮) শাস্ত্রানুষ্ঠানে শ্রদ্ধা (৯) জপ ও (১০) ব্রত। আদিযামলে অবশ্য উন্নতসাধকদের জন্য ষড়বিধ নিয়মের বিধান আছে। সেগুলি যথাক্রমে — (১) চাপল্যত্যাগ (২) মনঃস্থৈর্য্য (৩) বাসনা - বৈরাগ্য (৪) লালসা-রাহিত্য (৫) তুষ্টি (৬) পরমেশ্বরে একাগ্রতা এবং নিন্দা-স্তুতি প্রভৃতি পাশমুক্তি।

আবার শাস্ত্রে পঞ্চবিধ যম ও নিয়মেরও উল্লেখ আছে। পঞ্চবিধ যম বলতে আমরা বুঝি — (১) অহিংসা (২) সত্য (৩) অস্তেয় (৪) ব্রহ্মচর্য্য ও (৫) অপরিগ্রহ। পঞ্চবিধ নিয়ম হলো — (১) শৌচ (২) সন্তোষ (৩) তপস্যা (৪) স্বাধ্যায় ও (৫) ঈশ্বরপ্রণিধান। যম ও নিয়মে সাধক পরিপুষ্ট না হলে সাধনকার্য্য বিফল হয়।

পুরশ্চরণকর্মে কূর্মচক্র-জ্ঞান একটি আবশ্যিক বিষয়। গ্রন্থমধ্যে স্বতন্ত্র উল্লাসে এ বিষয়ে আলোচনা করেছি। তবু মনে হচ্ছে ঐ আলোচনা শাস্ত্রোক্ত হলেও পর্যাপ্ত নয়। বিষয়টি সহজতরভাবে সন্নিবেশিত করতে ভূমিকায় এ বিষয়ে সচিত্র বিস্তারিত পুনরালোচনা করছি। কূর্মচক্রজ্ঞান না থাকলে পুরশ্চরণ ফলপ্রদ হয় না। শাস্ত্র বলছেন —

দীপস্থানং সমাশ্রিত্য কৃতং কর্ম্ম ফলপ্রদম্।

দীপ্যতে পুরযো যত্র দীপস্থানং তদুচ্যতে।।

চতুরস্রাং ভুবং ভিত্ত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ।

পূর্ব্বকোষ্ঠাদি বিনিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ।।

ল ক্ষমীশে মধ্যকোষ্টে-স্মরান্ যুগ্মক্রমাল্লিখেৎ।

দিক্ষু চ পূর্ব্বাকোষ্ঠাদি বিলিখেৎ স্বরসংস্থিতিঃ।।

মুখন্তু তস্য জানীয়াৎ হস্তাবুভয়তঃ স্থিতৌ।

দিক্ষু পূর্ব্বাদিতা যত্র ক্ষেত্রাদ্যক্ষর সংস্থিতিঃ।।

কোষ্ঠে কুক্ষী উভে পাদৌ দ্বে শিষ্টং পুচ্ছমীরিতম্।

ক্রমেণানেন বিভজেন্মধ্যস্থমপি ভাগতঃ।।

মুখস্থো লভতে সিদ্ধিং করস্থঃ স্বল্পজীবনঃ।

উদাসীনঃ কুক্ষিসংস্থঃ পাদস্থো দুঃখমাপ্নুয়াৎ।।

পুচ্ছস্থঃ পীড্যতে মন্ত্রী বন্ধনোচ্চাটনাদিভিঃ।

কূর্ম্মচক্রমিদং প্রোক্তং মন্ত্রিণাং সিদ্ধিদায়কম্।।

আবার পিঙ্গলাতন্ত্র বলছেন —

কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপযজ্ঞকম্।

তস্য যজ্ঞফলং নাস্তি সর্ব্বাননর্থায় কল্পতে।।

অর্থাৎ — দীপস্থান আশ্রয় করে কর্ম করলে, সেই কর্ম ফলপ্রদ হয়। যে স্থানে পুরুষ দীপ্যমান হয়, তাকে দীপস্থান বলে। জপ-পূজাদির কার্য্যের উপযুক্তস্থান মনোনীত করে, সেখানে একটি চতুরস্র (চতুষ্কোণ) মণ্ডল অঙ্কন করতে হবে। পরে ঐ চতুরস্রকে নবকোষ্ঠায় বিভক্ত ক'রে, একটি কূর্মা'কার চক্র নির্মাণ করতে হবে। ঐ চক্র পূর্বদিক থেকে আরম্ভ করে সপ্তকোষ্ঠায় সপ্তবর্গ এবং ঈশান কোণে ল ক্ষ — এই দুটি বর্ণ বিন্যস্ত থাকবে। চতুরস্রের মধ্যবর্ত্তী নবকোষ্ঠাতেও (নবকোষ্ঠাস্থিত অষ্টকোষ্ঠায়; মধ্যকোষ্ঠা বাদ) পূর্বের ন্যায় পূর্বদিক থেকে আরম্ভ করে দুটি দুটি করে ষোড়শ স্বরবর্ণ লিখতে হবে।

ঐ চক্রের যে স্থানে ক্ষেত্রের আদ্যক্ষর দৃষ্ট হবে, সেই স্থলটিই কূর্মের মুখ। মুখের উভয় পার্শ্বে যে দুই কোষ্ঠা, - তা দুই হস্ত। হস্তদ্বয়ের নিম্নে যে দুই কোষ্ঠা, তা কূর্মের কুক্ষি। সর্বনিম্নে যে তিন কোষ্ঠা, তার দু পাশের দুটি কোষ্ঠা কূর্মের দুটি পদ এবং অবশিষ্ট কোষ্ঠা কূর্মের পুচ্ছরূপে নির্ণয় করতে হবে। এইরূপে কূর্মের অঙ্গবিন্যাস কঁরে মধ্যস্থ নবকোষ্ঠাতেও (স্বরবর্ণ স্থানেও) একই ভাবে কূর্মচিত্র অঙ্কন করতে হবে। জপপূজাদি মণ্ডপে উক্তরূপে

কূর্মচক্রদ্বারা উপবেশন স্থান স্থির করতে হবে।

মণ্ডপের যে স্থানে কূর্মের মস্তক সেখানে বসে জপ-পূজাদি করতে হবে। কূর্মের মুখস্থ হয়ে কার্য্য করলে সাধক অল্পজীবী, কুক্ষিস্থ হয়ে কাজ করলে সাধক উদাসীন, পদস্থ হয়ে কাজ করলে সাধক দুঃখী, পুচ্ছস্থ হয়ে কাজ করলে সাধক বন্ধন-উচ্চাটনাদি দ্বারা পীড়িত হতে হয়।

পিঙ্গলাতন্ত্র বলছেন — কেউ যদি কূর্মচক্রজ্ঞান না নিয়ে জপ-যজ্ঞাদি কার্য করে, তাহলে সেই জপ-যজ্ঞাদি কর্মের কোন ফল হয় না; বরং সর্বপ্রকার অনিষ্ট হয়।

এই প্রসঙ্গে একটি কূর্মচক্রের চিত্র সন্নিবেশিত করা হচ্ছে।

এইবার আমরা চক্ররচনা কৌশলটি আলোচনা করবো। পুরশ্চরণের উপযোগী শাস্ত্রনির্দিষ্ট একটি স্থান নির্বাচন করে তাকে পরিষ্কার-পরিচ্ছন্ন (বা গোময় লেপনাদি দ্বারা শুদ্ধ) করে নিতে হবে। এরপর ঐ স্থানে নবকোষ্ঠা নির্মাণ করতে হবে। শক্তি, গণপতি ও সূর্য্যমন্ত্রের সাধনায় রক্তচন্দন, গেরুমাটি, রোলী; শিবমন্ত্রেও শক্তিমন্ত্রবৎ অথবা শ্বেতচন্দন, খড়ীমাটি, বিভূতি; বিষ্ণুমন্ত্রে শ্বেতচন্দন, পীতমৃত্তিকা,

গোপীচন্দন; সর্বদেবতা ক্ষেত্রে কেশর বা জাফরান মিশ্রিত চালের পিটুলী দ্বারা চক্র রচনা করতে হয়।

জপ-পুরশ্চরণের জন্য নির্বাচিত স্থান প্রশস্ত হলে দীর্ঘমণ্ডল অঙ্কন করা যেতে পারে। সাধক প্রশস্ত ক্ষেত্রে নিজ দেহপরিমান অর্থাৎ পদতল থেকে মস্তক পর্যন্ত দীর্ঘ একটি পরিমাপক দণ্ড নেবে; তার থেকে অপ্রশস্ত ক্ষেত্রে নিজহস্তের দ্বিহস্তপরিমান দণ্ড; নিতান্ত ক্ষুদ্র ক্ষেত্রে নিজহস্তের একহস্তপরিমান দণ্ড নেবে। নির্ধারিত দণ্ড নিয়ে একটি বর্গক্ষেত্র অঙ্কন করতে হবে। ঐ বর্গক্ষেত্রকে সমান ন ভাগে ভাগ করতে হবে। ঐ ন ভাগের পূর্বগৃহে ক-বর্গ (ক, খ, গ, ঘ, ঙ); অগ্নিগৃহে চ-বর্গ (চ, ছ, জ, ঝ, ঞ); দক্ষিণগৃহে ট-বর্গ (ট, ঠ, ড, ঢ, ণ); নৈর্ঋতগৃহে ত-বর্গ (ত, থ, দ, ধ, ন); পশ্চিমগৃহে প-বর্গ (প, ফ, ব, ভ, ম); বায়ুগৃহে য-বর্গ (য, র, ল, ব); উত্তরগৃহে শ-বর্গ (শ, ষ, স, হ) এবং ঈশানগৃহে ল, ক্ষ লিখতে হবে।

কূর্মের মধ্যস্থ নবম কোষ্ঠাকে আবার পূর্ববৎ নটি ভাগে ভাগ করতে হবে। ঐ ন ভাগের পূর্বগৃহে অ, আ; অগ্নিগৃহে ই, ঈ; দক্ষিণগৃহে উ, ঊ; নৈর্ঋতগৃহে ঋ, ৠ; পশ্চিমগৃহে ঌ, ৡ; বায়ুগৃহে এ, ঐ; উত্তরগৃহে ও, ঔ এবং ঈশানগৃহে অং, অঃ লিখতে হবে। ব্যঞ্জন ও স্বরবর্ণ সমন্বিত কূর্মচক্রের কেবল বর্ণসন্নিবেশিত রূপটি সাধকদের সুবিধার্থে এঁকে দিচ্ছি —

সাধকের পুরশ্চরণ ক্ষেত্রের আদি অক্ষর যদি ব্যঞ্জনবর্ণসমূহের মধ্যেই পড়ে, তবে কেবলমাত্র ব্যঞ্জনবর্ণাত্মক ক্ষেত্রটি অঙ্কন করে নিলেই হবে। সেস্থলে স্বরবর্ণের মধ্যস্থিত ক্ষেত্রটি পূর্ণ করবার প্রয়োজন নেই। আবার একইভাবে পুরশ্চরণভূমির আদ্যক্ষর স্বরবর্ণের মধ্যে পড়লে সেক্ষেত্রে কেবল স্বরবর্ণের ক্ষেত্রটি পূর্ণ করলেই চলবে। ব্যঞ্জনবর্ণের ক্ষেত্র রচনা করার প্রয়োজন নেই।

স্বর ও ব্যঞ্জনবর্ণের বিন্যাস ক্রমে রচিত কূর্মচক্রে কূর্মের মস্তকস্থান ষোলটি জায়গায় থাকতে পারে। সাধকদের সুবিধার্থে ঐ ষোলটি অবস্থানের চিত্রগুলি দিয়ে দিচ্ছি।

(১) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর অ, আ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

সাধকের পুরশ্চরণ ক্ষেত্রের আদি অক্ষর যদি ব্যঞ্জনবর্ণসমূহের মধ্যেই পড়ে, তবে কেবলমাত্র ব্যঞ্জনবর্ণাত্মক ক্ষেত্রটি অঙ্কন করে নিলেই হবে। সেস্থলে স্বরবর্ণের মধ্যস্থিত ক্ষেত্রটি পূর্ণ করবার প্রয়োজন নেই। আবার একই ভাবে পুরশ্চরণভূমির আদ্যক্ষর স্বরবর্ণের মধ্যে পড়লে সেক্ষেত্রে কেবল স্বরবর্ণের ক্ষেত্রটি পূর্ণ করলেই চলবে। ব্যঞ্জনবর্ণের ক্ষেত্র রচনা করার প্রয়োজন নেই।

স্বর ও ব্যঞ্জনবর্ণের বিন্যাস ক্রমে রচিত কূর্মচক্রে কূর্মের মস্তকস্থান ষোলটি জায়গায় থাকতে পারে। সাধকদের সুবিধার্থে ঐ ষোলটি অবস্থানের চিত্রগুলি দিয়ে দিচ্ছি।

(১) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর অ, আ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(২) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ই, ঈ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৩) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর উ, ঊ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৪) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ঋ, ৠ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৫) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ঌ, ৡ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৬) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর এ, ঐ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৭) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ও, ঔ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

(৮) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর অং, অঃ হলে কূর্মচিত্রটি হবে এই রকম

(৯) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ক, খ, গ, ঘ, ঙ হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১০) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর চ, ছ, জ, ঝ, ঞ হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১১) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ট, ঠ, ড, ঢ, ণ হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১২) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ত, থ, দ, ধ, ন হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১৩) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর প, ফ, ব, ভ, ম হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১৪) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর য, র, ল, ব হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১৫) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর শ, ষ, স, হ হলে কূর্মচিত্রটি হবে এই রকম —

(১৬) পুরশ্চরণ ক্ষেত্রের আদ্যক্ষর ল, ক্ষ হলে কূর্মচিত্রটি হবে এই রকম—

পুরশ্চরণ সাধকের সর্বোত্তম সাধন। পুরশ্চরণবিদ্ সাধক দেবতাদেরও শ্রদ্ধার পাত্র। যিনি দীক্ষা গ্রহণের পর কখনও পুরশ্চরণ করেন নি, তাঁর মন্ত্র কখনও সিদ্ধ হতে পারে না। তিনি মৃত মন্ত্রের উপাসনায় বৃথা কালক্ষয় করেন। অবশ্য কেবল পুরশ্চরণই সিদ্ধিদায়ক নয়। তার সঙ্গে শ্বাসজ্ঞান অত্যন্ত জরুরী। বামনাসায় (ইড়ায়) বা চন্দ্রনাড়ীতে, দক্ষিণনাসায় (পিঙ্গলায়) বা সূর্য্যনাড়ীতে এবং উভয়নাসায় (সুযুম্নায়) বা বহ্নির্জ্জলা নাড়ীতে শ্বাসবহনকালে ভিন্ন ভিন্ন কর্ত্তব্য আছে। তা জেনে করলে পুরশ্চরণের জপাদির দ্বারা সর্বার্থসিদ্ধি হতে পারে। এই জন্য ভগবান সদাশিব স্বরোদয় শাস্ত্রে বলছেন

শুভান্যশুভ কার্য্যাণি ক্রিয়ন্তেহহর্নিশাং যদা।
তদা কার্য্যাণুরোধেন কর্ত্তব্যং নাড়ী প্রচালনম্।।

বামনাসায় (ইড়ায়) বা চন্দ্রনাড়ীতে শ্বাস বহনের সময় কি কর্ত্তব্যকর্ম সে সম্পর্কে শাস্ত্র বলছেন —

স্থির কর্ম্মণ্যলঙ্কারে দুরাধ্বগমনে তথা।
আশ্রমে হর্ম্ম্যপ্রাসাদে বস্তূনাং সংগ্রহেহপি চ।।
বাপি কূপ তড়াগাদি প্রতিষ্ঠা স্তম্ভদেবয়োঃ।
যাত্রাদান বিবাহে চ বস্ত্রালঙ্কার ভূষণে।।
শান্তিকং পৌষ্ঠিকং চৈব দিব্যোষধি রসায়নে।
স্বামিদর্শন মৈত্রে চ বাণিজ্যে ধনসংগ্রহে।।
গৃহপ্রবেশ সেবায়াং কৃষ্যাং বীজাদি বপনে।
শুভকর্ম্মণি সন্ধৌ চ নির্গমে চ শুভঃ শশী।।
বিদ্যারম্ভাদি কার্য্যেষু, বান্ধবানাঞ্চ দর্শনে।
জলদানাদি ধর্ম্মেষু, দীক্ষায়াং মন্ত্রসাধনে।।
কাল বিজ্ঞান সূত্রেণ চতুষ্পাদ গৃহাগমে।
কালব্যাধি চিকিৎসায়াং স্বামি সম্ভোধনে তথা।।
গজাশ্বারোহণে ধন্বি গজাশ্বানাঞ্চ বন্ধনে।
পরোপকরণে চৈব নিধীনাং স্থাপনে তথা।।

গীতবাদ্যেঽপি নৃত্যে চ গীতশাস্ত্র বিচারণে।

পুরগ্রামে প্রবেশে চ তিলকে সূত্র ধারণে।।

পুত্রশোকে বিষাদে চ জড়িতে মূৰ্চ্ছিতেঽপি বা।

স্বজন স্বামি সম্বন্ধে ধান্যাদি দারুসংগ্রহে।।

স্ত্রীণাং দন্তাদি ভূষায়াং কৃষেরাগমনে তথা।

গুরুপূজা বিষাদিনাং চাললঞ্চ বরাননে।।

ইড়ায়াং সিদ্ধিদং প্রোক্তং যোগাভ্যাসাদি কৰ্ম্ম চ।

তত্রাপি বৰ্জ্জয়েদ্বায়ুং তেজঃ আকাশমেব চ।।

সৰ্ব্ব কাৰ্য্যাণি সিধ্যন্তি দিবারাত্রি গতান্যপি।

সৰ্ব্বেষু শুভকাৰ্য্যেষু চন্দ্রচারঃ প্রশস্যতে।।

অর্থাৎ সৰ্ব্ববিধ স্থিরকৰ্ম্মে, নূতন অলঙ্কার ধারণে, দূরপথ গমনে, ব্রহ্মচৰ্য্যাদি আশ্রম গ্রহণে, হৰ্ম্ম্যপ্রাসাদাদি নূতন অট্টালিকা মন্দির বা গৃহারম্ভে ও নববস্তুর সংগ্রহে, বাপি, কূপ, তড়াগ, দেবতা ও স্তম্ভপ্রতিষ্ঠায়, যাত্রাদান ও বিবাহাদি কৰ্ম্মে, নব বস্ত্র পরিধান, নব অলঙ্কার ও ভূষণাদি ধারণে, বৃষ্য, পুষ্টিকর, রসায়ন ও দিব্য ঔষধ সেবনে, নিজ স্বামী বা প্রভু ও মিত্র দর্শনে, বাণিজ্য ও ধন সংগ্রহে, গৃহপ্রবেশ, সেবা, কৃষিকৰ্ম্ম ও বীজ বপনে, সমস্ত শুভকৰ্ম্মে, সন্ধি ও নির্গমে — শশী অর্থাৎ চন্দ্রনাড়ীতে বা বাম নাসিকায় শ্বাসপ্রবাহ সময়ে শুভপ্রদ। এতদ্ব্যতীত বিদ্যারম্ভ, দীক্ষা, মন্ত্র সাধনা, জলদানাদি-ধৰ্ম্মকাৰ্য্য ও আত্মীয় বান্ধব দর্শন, কাল-বিজ্ঞান বা জ্যোতিষ, সূত্র বা দর্শনাদি শাস্ত্রের সংক্ষিপ্ত বাক্যাবলীর পঠন-পাঠনে, চতুষ্পাদ গৃহাগমে, গবাদি পশু আনয়নে, গ্রহদোষ শান্তি কৰ্ম্মে, প্রভু সম্বোধনে, ধনুর্ধারী ব্যক্তির নূতন গজাশ্বারোহণে ও নূতন গজাশ্ববন্ধন কাৰ্য্যে, পরোপকার, রত্নস্থাপন, গীতবাদ্য নৃত্যক্রিয়া ও গীতশাস্ত্রাদির বিচার আলোচনায়, নগরে ও গ্রামে প্রবেশে, তিলক ও উপনয়নাদি কৰ্ম্মে, যজ্ঞসূত্র ধারণে, পুত্রশোকে, বিষাদে, জড়তা ও মূৰ্চ্ছায়, স্বজন ও স্বামীসম্বন্ধে, ধান্যাদি ও কাষ্ঠ সংগ্রহে, স্ত্রীলোক গজদন্তাদি ভূষণে, গুরুপূজা, যোগাভ্যাস ও বিষাদগ্রস্ত ব্যক্তির পক্ষে ইড়া বা বাম নাসায় বায়ু প্রবাহের সময়েই সমস্ত সিদ্ধিপ্রদ। সকল শুভ কৰ্ম্মেই দিবারাত্রি মধ্যে যে কোন সময়েই হোক চন্দ্রনাড়ীতে শ্বাসবহন কালে শুভকর হলেও এর বায়ু, তেজঃ বা অগ্নি ও আকাশতত্ত্বের আবির্ভাব সময়ে বৰ্জ্জনীয়, অর্থাৎ বাম নাসায় প্রবাহকালে

যখন পৃথ্বী ও জলতত্ত্বের উদয় হয়, তখনই উপযুক্ত শুভকার্য্য ব্যতীত অন্যান্য সকল শুভকর্ম্মই সিদ্ধিপ্রদ। শ্রীভগবান বলেছেন — "সর্ব্বত্র সকল প্রকার শুভকর্ম্মেই বামনাসিকায় শ্বাসবহন সময়ে শুভপ্রদ।" আবার বলেছেন — "কোন প্রকার দৈহিক শ্রান্তি হলে, মনে কোনরূপ শোক উৎপন্ন হলে, মূর্চ্ছা বা কোন প্রকারে শরীর গরম ও ধাতুরুক্ষ্ম হলে এবং পূর্ব কথিত গুরু, প্রভু ও বন্ধুবান্ধবাদি স্বজনগণের নিকট থেকে গেলে, বাম নাসিকায় শ্বাস বহন করাবে। তখন দক্ষিণ নাসায় শ্বাসবহন থাকলেও পূর্ব কথিতরূপে যে কোন প্রকারে হোক দক্ষিণ নাসা বন্ধ করে বাম নাসায় বায়ু চালনা করবে।

দক্ষিণ নাসায় (পিঙ্গলায়) শ্বাস-বহন সময়ে কর্ত্তব্য কর্ম্ম ঃ—

"কঠিন ক্রুর বিদ্যানাং পঠনে পাঠনে তথা।
স্ত্রীসঙ্গে বেশ্যাগমনে মহানৌকাধিরোহণে।।
নষ্টকার্য্যে সুরাপানে বীরমন্ত্রাদ্যুপাসনে।
বহুলধ্বংসদেশাদৌ বিষদানাদি বৈরিণি।।
শাস্ত্রাভ্যাসে চ গমনে মৃগয়া পশুবিক্রয়ে।
ইষ্টকা-কাষ্ঠ-পাষাণে রত্ন ঘর্ষণ দারুণে।।
গীতাভ্যাসে যন্ত্রতন্ত্রে দুর্গ-পর্ব্বতারোহণে।
দ্যুতে চৌর্য্যে গজাশ্বাদি-রথ-বাহন সাধনে।।
ব্যায়ামে মারণোচ্চাটে ষট্কর্ম্মাদিক সাধনে।
যক্ষিনী যক্ষ-বেতাল বিশ্বভূতাদি সংগ্রহে।।
খরোষ্ট্র মহিষাদীনাং গজাশ্বারোহণে তথা।
নদী জলৌঘ তরণে ভেষজে লিপিলিখনে।।
মারণে মোহনে স্তম্ভে বিদ্বেষোচ্চাটনে বশে।
প্রেরণে কর্ষণে ক্ষোভে দানে চ ক্রয় বিক্রয়ে।।
খড়্গহস্তে বৈরীযুদ্ধে ভোগে চ রাজ দর্শনে।
ভোজ্যে স্নানে ব্যবহারে ক্রুরে দীপ্তে রবিঃ শুভ।।"

অর্থাৎ কঠিন ও ক্রুড়বিদ্যার পঠন পাঠনে, স্ত্রীসঙ্গে বেশ্যাগমনে, মহানৌকায় অধিরোহনে, সর্ব্ববিধ নষ্ট কর্ম্মে, সুরাপানে, বীরাচারানুগত বিশেষ

বিশেষ মন্ত্রের উপাসনায়, দেশাদির বহুল ধ্বংস কার্য্যে, বিষদানাদি শত্রুতাকার্য্যে, শস্ত্রাভ্যাসে, মৃগয়াযাত্রায়, পশুবিক্রয়ে, ইষ্টক, কাষ্ঠ ও পাষানাদির ছেদন ও গঠনকর্ম্মে, রত্নাদির ঘর্ষণ ও বিদারণে, সঙ্গীত বিদ্যার অভ্যাসে, তান্ত্রিক যন্ত্রাদি নির্ম্মাণে, দুর্গ ও পর্ব্বতারোহণে, দ্যূতক্রীড়া বা জুয়াখেলা, চৌর্য্যকর্ম্ম, গজ, অশ্ব, রথ ও বাহন সাধনে, ব্যায়াম কার্য্যে, মারণ, উচাটন, বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষ ও শান্তি কর্ম্মরূপ ষট্‌কর্ম্মাদি সাধনে; যক্ষিনী, যক্ষ, বেতালাদি বিশ্বভূত প্রভৃতির সিদ্ধি ও সংগ্রহ কার্য্যে; গর্দভ, অশ্বতর, উষ্ট্র, মহিষাদির এবং গজ ও অশ্বাদির আরোহণে, নদী ও জল প্রবাহ পার হতে, ভেষজাদির সংগ্রহ, প্রস্তুত ও সেবনে; লিপি লিখন, প্রেরণ, কর্ষণ, ক্ষোভ ও দান কার্য্যে, ক্রয় বিক্রয় কর্ম্মে, খড়্গহস্তে, শত্রুর সঙ্গে যুদ্ধে, স্নান ও ভোজনাদি সমস্ত ভোগকর্ম্মে; রাজদর্শন, লৌকিক ব্যবহার এবং সকল প্রকার কঠিন ও অশুভকর ঘোর নৃশংসকর্ম্মে রবি বা সূর্য্যনাড়ী অর্থাৎ দক্ষিণ নাসায় শ্বাসবহন সময়ে করলে নির্ব্বিঘ্নে সিদ্ধ হবে।

সুষুম্না বা স্বরস্বতী প্রবাহে কর্ত্তব্য কর্ম্ম —

"ক্ষণং বামে ক্ষণং দক্ষে যদা বহতি মারুতঃ।
সুষুম্না সা চ বিজ্ঞেয়া সর্ব্ব কার্য্য হরাহশুভা।।
তস্যাং নাভ্যাং স্থিতোবহ্নির্জ্জ্বলন্তি কালরূপিণঃ।
বিষমস্তং বিজানীয়াৎ সর্ব্বকার্য্য বিনাশনম্।।

অর্থাৎ যখন কিছুক্ষণ বাম নাসায়, কিছুক্ষণ দক্ষিণ নাসায় শ্বাস প্রবাহিত হয়, তখনই সুষুম্না প্রবাহ বলা যায়। ইহা সর্ব্বকার্য্যনাশিনী ও ঘোর অশুভ প্রদায়িনী। ইহাকে কালরূপী বহ্নিজ্বালার ন্যায় সর্ব্বধ্বংসকারী ও বিষময় বলে জানবে। কিন্তু মুক্তিমার্গে ইহা আবার অমৃতস্বরূপিনী। "মুক্তিমার্গে তু সা প্রোক্তা সুষুম্না বিশ্বধারিনী।।" এই বিশ্বধারিনী সুষুম্নাতেই জীবের মোক্ষ লাভ হয়। শ্রীভগবান তাহাই যোগশাস্ত্রে পুনঃ পুনঃ বলেছেন, যথা —

"সুষুম্নায়াং ভবেন্মোক্ষঃ।।"

পূর্ব্বে উক্ত হয়েছে — কোনও নাসিকায় যখন বায়ু বেশী তেজে প্রবাহিত হয়, তখন অন্য নাসায় স্বভাবতঃ অল্পতেজে বা অতি মৃদুভাবেই শ্বাস প্রবাহিত হতে থাকে; অথবা একেবারেই সে নাকটি বন্ধ থাকে। কিন্তু যখন এক নাসিকায় প্রবাহ এক ঘন্টা পূর্ণ হয়ে অন্য নাসিকায় বায়ু বইতে আরম্ভ করে,

তখন অতি অল্পকালের জন্য কখন এ নাকে কখনও ও নাকে এবং কখন সামান্যক্ষণের জন্য উভয় নাশায় সমানভাবে শ্বাস বহিতে থাকে, তাকেই সুষুম্নার উদয় বা সুষুম্নাপ্রবাহ বলে। এরূপ সময় সাংসারিক বা বৈষয়িক সকল কর্ম্মেই নানা বাধা বিঘ্ন, বিপদ, কলহ ও ক্ষতি হবার সম্ভাবনা। সুতরাং এমন সময় জানতে পারলে, তখন কোন কার্য্যেই হস্তক্ষেপ করবে না। মানবজীবনে যতকিছু অমঙ্গল হয়ে থাকে, সমস্তই এই সুষুম্নার বহির্বিকাশরূপ উভয় নাশায় বায়ু বহন কালেই হয়ে থাকে। কিন্তু যোগী মহাত্মার নির্ব্বাণমুক্তি এই সুষুম্নার যথার্থ বিলোম বা ঊর্দ্ধমুখী অন্তর প্রবাহ উপস্থিত হলেই হয়ে থাকে। সেই কারণ সুষুম্না নাড়ীকে আবার ব্রহ্মজ্ঞান জননী সরস্বতী-স্বরূপিণীও বলা হয়। ইহা সাধারণতঃ অন্তঃসলিলা বা গুপ্তপ্রবাহ বিশিষ্ঠা হলেও, ইহার দুই প্রকার প্রবাহ আছে। এবং ইহা বহির্ম্মুখী স্থূল বাক্শক্তি প্রদায়িণী।

যাই হোক, সুষুম্নার বাহ্যপ্রভাবরূপ উভয় নাসায় শ্বাস যখন পরিলক্ষিত হয়, তখন তাকে 'বিষুবযোগ' বলে। সে সময় স্থির বা সৌম্য ও ক্রুর কোন কর্ম্মই করবে না। এই সন্ধিক্ষণ বা সঙ্কটসময় লৌকিক সকল কার্য্যেই ক্ষতি, ধ্বংস, আশানাশ ও বিপদাদি যতকিছু অমঙ্গল আছে, সমস্তই হতে পারে। এই সময় দান পুণ্য, কিংবা কোন শুভকার্য্য ও যাত্রাদিও করতে নেই।

বলা বাহুল্য, এইরূপ সুষুম্না প্রবাহ ও উভয় নাসায় শ্বাস বহনের স্থায়িত্ব ক্বচিৎ এক আধ মুহূর্ত্তের জন্যই হয়। সে সময় কোন কার্য্যে হস্তক্ষেপ করবে না। শ্রীভগবান বলেছেন — 'যদি কিছু অধিকক্ষণ ধরে সেরূপ প্রবাহ হয়,' বুঝিতে পার, তবে —

> "বিষম বৈপরীতস্য সংস্মরেজ্জগদীশরম্।
>
> ঈশ্বরং স্মরণং কার্য্যং যোগাভ্যাসাদি কর্ম্মষু।
>
> অন্যৎ কিঞ্চিন্নকর্ত্তব্যং জয়লাভঃ সুখার্থিভিঃ।।

অর্থাৎ সেই বিষম বিপরীত অবস্থায় কেবল শ্রীজগদীশ্বর স্বরূপ নিজ ইষ্ট দেবতার স্মরণ করবে ও যথাজ্ঞান 'মন্ত্র-হট-লয় বা রাজপরিজ্ঞাত' যে কোনও যোগাভ্যাসাদি কর্ম্মেই যথাসাধ্য নিরত হবে। জয়, লাভ ও সুখাদি অন্য কোন কিছুই করবে না। এমন কি তখন সাধ্যমতে কারও সঙ্গে বাক্যালাপাদিও করবে না।

কেবলমাত্র একবার পুরশ্চরণেই মন্ত্রসিদ্ধি হয় না। যেন তেন প্রকারে

একবার পুরশ্চরণ করে ফেললেই পুরশ্চরণের মাহাত্ম্য বোধগম্য হবে না। বারংবার পুরশ্চরণ করতে করতে চিত্তদর্পণ মালিন্যমুক্ত হলে অনায়াসেই ইষ্টবিগ্রহ দর্শন হবে, প্রতি নিয়ত প্রতি কার্য্যে ইষ্টশরণাগতি লাভ হবে। অনেকে বলবেন, সর্বদা মহাপুরশ্চরণ অর্থাৎ পঞ্চাঙ্গ পুরশ্চরণ করা ব্যয় সাপেক্ষ। তাঁদের প্রতি পরামর্শ যে, আপনারা পঞ্চাঙ্গ পুরশ্চরণ অনুকল্প বিধানে করুণ। যে অঙ্গটি যে সংখ্যক করা কর্ত্তব্য তার দ্বিগুণ জপেই তা সিদ্ধ হতে পারে। এমনকি ব্রাহ্মণভোজনের বিকল্পও দ্বিগুণ জপে সিদ্ধ হতে পারবে। অনুকল্পে ফলহানি ঘটে না। তাই অর্থসাশ্রয়ের দিকে লক্ষ্য রেখে সাধক অনুকল্পে পুরশ্চরণ করতে পারেন। তবে এক্ষেত্রে কেউ যেন সামর্থ্য থাকা সত্ত্বেও বিত্তশাঠ্য না করেন। বিত্তশাঠ্য করলে সর্বফল নাশ নয়। সাধকের চিরন্তন নরকগতি হয় — বিত্তশাঠ্যং ন কারয়েৎ ইতি।

যাঁরা কৌল, তাঁদের জন্য শাস্ত্র সপ্তাঙ্গ পুরশ্চরণের ব্যবস্থা দিয়েছেন। কৌলদের কেবল পঞ্চাঙ্গ-পুরশ্চরণ নিষেধ। কর্মের আদি, মধ্য ও অন্তে কুমারীপূজা ও শক্তিপূজা করতে হবে। তবে সব সময় সুবিধামতো কুমারী বা শক্তি না পাওয়া গেলে, পৃথক পৃথক ঘটস্থাপন করেও এই পূজা করা চলে।

কৃতাজ্ঞতা স্বীকার

শ্রী শ্রী ব্রহ্মময়ীর অসীম করুণায় এই গ্রন্থটি স্ফুরিত হল। এই গ্রন্থের যা কিছু ভালো তা শ্রীগুরু কৃপার দান, আর যা কিছু ত্রুটি-বিচ্যুতি তা আমার একান্ত ব্যক্তিগত সীমাবদ্ধতা। সহৃদয় পাঠকগণ শাস্ত্রীয় প্রমাণসহ ভ্রম সংশোধনী পাঠালে বিশেষ উপকৃত হবো।

সর্বশেষ, এই আশা, গ্রন্থটি যদি সাধকবর্গের মনোযোগ আকর্ষণ করে এবং তাদের সাধন কর্মে কিছুটা সহযোগিতা করে, তবে সমস্ত পরিশ্রম সার্থক বিবেচনা করবো। ইতি শম্ —

ঠিকানা —
শ্রীশ্রী ব্রহ্মময়ী কালীবাড়ী
৪/২/বি শীতলা মাতা লেন।
কোলকাতা - ৭০০ ০৯০
দূরভাষ — ২৫৩১ - ২৩৩০

ভবদীয়,
গুরুপাদপদ্মকৃপাকিংকর —
শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ
ভৈরব (গিরি)

পুরশ্চরণ-সাধনোল্লাস

পুরশ্চরণের প্রাসঙ্গিকতা

দীক্ষার পর মন্ত্রের পুরশ্চরণ অবশ্য কর্তব্য। তন্ত্রের অভিমত যে-মন্ত্রের পুরশ্চরণ হয় নি, তাকে বলা হয় মৃত। প্রাণহীন দেহ যেমন কোনো কর্মই করতে পারে না, পুরশ্চরণহীন মন্ত্রও তেমনি কোনো ফল দিতে পারে না—

বিনা পুরশ্চ্রিয়াং দেবি মন্ত্রো মৃত ইতীরিতঃ।

জীবহীনো যথা দেহঃ সর্বকর্মসু ন ক্ষমঃ।।

পুরশ্চরণহীনো হি তথা মন্ত্রঃ প্রকীর্তিতঃ।

— শ স ত, সু খ, ৩।১৫৫-১৫৬

শাস্ত্রমতে পুরশ্চরণসম্পন্ন মন্ত্রই সর্বার্থদায়ক হয়। নৃপাদির যেমন দ্রব্য আবশ্যক তেমনি সাধকের পুরশ্চরণ আবশ্যক। মন্ত্র পুরশ্চরণসম্পন্ন হলেই প্রয়োগার্হ হয়, অন্যথা হয় না —

পুরশ্চরণসম্পন্নো মন্ত্রঃ সর্বার্থসাধকঃ।

যথা দ্রব্যং নৃপাদীনাং পুরশ্চর্যা তু মন্ত্রিণাম্।।

পুরশ্চরণসম্পন্নঃ প্রয়োগার্হো ন চান্যথা।

— শ স ত, সু খ, ১৬।৪৫-৪৬

তা ছাড়া মন্ত্রসিদ্ধির প্রতিবন্ধক দূর করার জন্যও পুরশ্চরণ আবশ্যক। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—অশ্রদ্ধা, নাস্তিক্য এবং পূর্বজন্মকৃত অশুভ — এই তিনটি মন্ত্রসিদ্ধির প্রতিবন্ধক। এই-সব প্রতিবন্ধক বিনাশ করার জন্য সাধককে যত্নপূর্বক পুরশ্চরণ করতে হবে —

অশ্রদ্ধা চৈব নাস্তিক্যং পূর্বজন্মকৃতাশুভম্।

প্রতিবন্ধত্রয়ং দেবি মন্ত্রসিদ্ধৌ নিগদ্যতে।

যত্নাৎ পুরশ্চরেন্মন্ত্রী প্রতিবন্ধবিনাশনে।।

— গ ত ২৮।৭-৮

শব্দার্থোল্লাস

পুরশ্চরণ পদের অর্থ

যামল, মেরুতন্ত্র এবং অন্যান্য তন্ত্র 'পুরশ্চরণ' পদের উৎপত্তির নানাপ্রকার ব্যাখ্যা করেছেন। সাধারণ অর্থ — মন্ত্র সিদ্ধি এবং প্রয়োগাদির অধিকার লাভের জন্য "পুরঃ" অর্থাৎ প্রথমেই, যেটা "চরণীয়" অথবা আচরণীয় এবং কর্ত্তব্য, তারই নাম পুরশ্চরণ। সাধক এবং অভীষ্টদেবের মধ্যে ব্যবধান পুনঃ পুনঃ পুরশ্চরণ দ্বারা দূরীভূত হয়। পুরশ্চরণ না করলে দেবতা দর্শন, সহকৃত মন্ত্রসিদ্ধি অথবা ঈপ্সিত ফললাভের জন্য কোন প্রকার প্রয়োগাদিতে সাফল্য লাভ করা যায় না।

যামলের মতে —

বেদাদি শাবরান্তানাম্ মন্ত্রাণাং সিদ্ধি হেতবে।

পুরতশ্চরণীয়ত্বাৎ পুরশ্চরণমুচ্যতে।।

মেরুতন্ত্রে আছে —

ধর্মার্থকামমোক্ষাণাং সাধনং মন্ত্র উচ্যতে।

তৎ সিদ্ধয়ে পুরো যচ্চ চর্য্যতে তৎ প্রকীর্ত্তিতম্।

পুরশ্চরণ কর্মাখ্যং বেদাদৌ শাবরান্তকে।

পুরশ্চরণচন্দ্রিকায় —

ধর্মার্থকামমোক্ষাণাং সাধকো মন্ত্র উচ্যতে।

তৎ সিদ্ধয়ে পুরা যচ্চ চর্য্যতে তৎ প্রকীর্ত্তিতম্।

ব্রহ্মযামলে —

সাঙ্গো জপো মহাদেবি পুরশ্চর্য্যেতি গীয়তে।

তস্যাম্ আচরিতায়াস্তু মন্ত্রঃ সিধ্যতি নান্যথা।

মন্ত্রতন্ত্রপ্রকাশে —

ধর্মার্থকামমোক্ষেষু শাস্ত্র মার্গেন যোজনম্।

সিদ্ধি মন্ত্রস্য প্রোক্তো হি বিনিয়োগো বিচক্ষণৈঃ।

পুরশ্চরণ পূর্বাসৌ বিনিয়োগো মনোর্মতঃ।

চরণাৎ পূর্বসেবাসৌ পুরশ্চরণমুচ্যতে।

মহানীলতন্ত্রে —

পূর্য্যতে চরণং তস্য জপহোমাদিতর্পণৈঃ।

অতোহত্র গীয়তে সদ্ভিঃ পুরশ্চরণমুত্তমম্।

বায়বীয় সংহিতায় —

সাধনং মূলমন্ত্রস্য পুরশ্চরণমুচ্যতে।

পুরতশ্চরণীয়ত্বাদ্ বিনিয়োগাখ্য কর্মণাম্।।

পুরতো বিনিয়োগস্য চরণাদ্ বা তথোদিতম্।

অগস্ত্যসংহিতায় —

অথ বক্ষ্যে বিধানানি পৌরশ্চরণিকেবিধৌ।

বিনা যেন ন সিদ্ধঃ স্যান্ মন্ত্রো বর্ষশতৈরপি।

তৎ পুরশ্চরণং নাম মন্ত্র সিদ্ধ্যর্থমাত্মনঃ।

যথোক্তং নিয়মং কৃত্বা স্বকল্পোক্ত জপস্য হি।

— এই ভাবে বিভিন্ন তন্ত্রে, যামলে এবং নিগমাদতে 'পুরশ্চরণ' শব্দের অর্থ ব্যাখ্যা করা হয়েছে।

লক্ষণোল্লাস

পুরশ্চরণের লক্ষণ

পুরশ্চরণ কাকে বলে এবং তার লক্ষণকল্পে তন্ত্র পুরশ্চরণের পঞ্চাঙ্গ অর্থাৎ জপ, হোম, তর্পণ, অভিষেক এবং ব্রাহ্মণভোজন এই পাঁচটি অঙ্গ নিরূপণ করেছেন। অধিকারী ভেদে একাঙ্গ থেকে আরম্ভ করে ষোড়শাঙ্গ পর্য্যন্ত বিধি ব্যবস্থিত হয়েছে। পরন্তু সাধারণ গৃহস্থের পক্ষে পুরশ্চরণে পঞ্চাঙ্গ বিধি। পূর্ণাভিষিক্ত এবং দিব্যবীর ভাবাবলম্বী সাধকের জন্য সপ্তাঙ্গ ব্যবস্থিত। তাঁদের পক্ষে পঞ্চাঙ্গ উপরন্তু শক্তিপূজা এবং কুমারী পূজা এই দুটি অঙ্গ সকল পুরশ্চরণে অবশ্য কর্ত্তব্য হিসাবে তন্ত্রে উক্ত হয়েছে। সকলপ্রকার পুরশ্চরণের প্রারম্ভে এবং অন্তে গুরুপূজা, তাঁর অনুজ্ঞা গ্রহণ এবং দক্ষিণা বিধি ব্যবস্থিত। দক্ষিণান্ত ছাড়া সকল প্রকার পুরশ্চরণ অসিদ্ধ। হোম, তর্পণ, অভিষেক ব্যাপারে অসমর্থ হলে অনুকল্পে দ্বিগুণ জপ করা কর্ত্তব্য। অর্থাৎ হোমসংখ্যা যদি দশহাজার হয় (লক্ষজপের দশাংশ) অসমর্থপক্ষে হোমের অনুকল্পে কুড়িহাজার জপ করলেই হোম করার ফল হয়। সেইরকম তর্পণ এবং অভিষেকের অনুকল্পে দ্বিগুন জপ করা যায়। কিন্তু ব্রাহ্মণ ভোজনের কোনপ্রকার অনুকল্প নেই। তন্ত্রে উক্ত হয়েছে যদি পুরশ্চরনের কোনপ্রকার অঙ্গহানি অথবা ত্রুটি হয় সাধকব্রাহ্মণকে পরিতৃপ্ত করে ভোজন করালে সেই সমস্ত দোষ খণ্ডন হয়। পরন্তু **দীক্ষাবিহীন ব্রাহ্মণকে ভোজন করালে দোষ হয়**, পুরশ্চরণের ফল পাওয়া যায় না। মঞ্জুঘোষের ষড়ক্ষর মন্ত্রে ব্রাহ্মণ ভোজন নিষিদ্ধ—মাত্র জপ, হোম, তর্পণ ও অভিষেক এই চার অঙ্গ বিধি।

এই প্রসঙ্গে কুলচূড়ামণির প্রমাণ —

পঞ্চাঙ্গানি মহেশানি জপহোমশ্চ তর্পণম্।

অভিষেকশ্চ বিপ্রাণাং আরাধনমপীশ্বরি।

সনৎকুমারসংহিতায় আছে —

দশাংশং হবনং হোমাৎ দশাংশং তর্পণং ততঃ।

দশাংশং মার্জনং তস্মাদ্দশাংশং বিপ্রভোজনম্।

পুরশ্চরণমেবং হি করিষ্যে প্রাগুদঙ্মুখঃ।

কুলার্ণবে পাওয়া যায় —

সংসারে দুঃখ ভূয়িষ্ঠে যাদীচ্ছেৎ সিদ্ধিমাত্মনঃ।

পঞ্চাঙ্গোপাসনেনৈব মন্ত্রজাপী সুখং ব্রজেৎ।।

পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ।

হোমো ব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে।।

যদ্‌যদ্ অঙ্গং বিহীয়েত তৎসংখ্যাদ্বিগুণং জপম্।

কুর্বীত ত্রিচতুঃপঞ্চ সংখ্যয়াঃ সাধকঃ প্রিয়ে।।

কুর্বীত সাঙ্গসিধ্যর্থং তদশক্তেন ভক্তিতঃ।

একমঙ্গং বিহীয়েত মন্ত্রানিষ্টমবাপ্নুয়াৎ।।

অন্নৈর্চতুর্বিধৈর্দেবি পদার্থৈঃ ষড়্‌রসান্বিতৈঃ।

সুভোজিতেষু বিপ্রেষু সর্বং হি সফলং ভবেৎ।।

সম্যক্ সিধ্যেকমন্ত্রস্য পঞ্চাঙ্গোপাসনেন হি।

সর্বমন্ত্রাশ্চ সিধ্যন্তি ত্বৎপ্রসাদাৎ কুলেশ্বরি।।

কুলার্ণব ১৫/৭ -১২

দেবীরহস্যতন্ত্রে আছে —

জপ্‌ত্বা মন্ত্রী মন্ত্ররাজং হুত্বাদেব দশাংশতঃ।

তর্পয়েত্তদ্দশাংশেন মার্জ্জয়েত্তদ্দশাংশতঃ।

ভোজয়েত্তদ্দশাংশেন মন্ত্রসিদ্ধির্ভবেৎ ধ্রুবম্।

মায়াতন্ত্রে আছে —

হোমশ্চ তর্পণঞ্চৈব অভিষেকস্ততঃ পরম্।

ভোজনং কুলবিপ্রাণাং দক্ষিণাং গুরবে ততঃ।

পুরশ্চারস্য চার্বঙ্গি পঞ্চাঙ্গং পরিকীর্ত্তিতঃ।

পঞ্চাঙ্গং হিবিনা দেবি পুরশ্চরং ন্ সিধ্যতি।

কুলমূলাবতারের মতে —

সংসারে দুঃখভূয়িষ্ঠে যদীচ্ছেৎ শ্রেয়মাত্মনঃ।

পঞ্চাঙ্গোপাসনেনৈব মন্ত্রজাপী সুখং ব্রজেৎ।

পঞ্চঙ্গানি মহেশানি জপো হোমো হি তর্পণম্।

অভিষেকঞ্চ বিপ্রাণাং আরাধনমপীশ্বরি।

পূর্বপূর্বদশাংশেন পুরশ্চরণমুচ্যতে।

শ্রীতত্ত্বচিন্তামণি বলছেন —

পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পর্ণমেব চ।

হোমো ব্রাহ্মণভুক্তিশ্চ জপাঙ্গেয়ং পুরস্ক্রিয়া।

বৃহন্নীলতন্ত্রে আছে —

জপহোমৌ তর্পণং চাভিষেকো দ্বিজভোজনম্।

পঞ্চকৃত্যানি লোকেহস্মিন্ পুরশ্চরণমুচ্যতে।

যৎসংখ্যং বিহীয়েত তৎসংখ্যাদ্বিগুণং জপঃ।

তদন্তে মহতী পূজা কুর্য্যাৎ সাধক সত্তমঃ।

কুব্জিকাতন্ত্রে আছে —

জপহোমৌ তর্পণঞ্চাভিষেকো ব্রাহ্মণ ভোজনম্।

পঞ্চাঙ্গোপাসনঞ্চৈব পুরশ্চরণ-কর্মণি।

হংসমাহেশ্বর তন্ত্রের মতে —

জপহোমৌ তর্পণঞ্চ সেকো ব্রাহ্মণভোজনম্।

পঞ্চাঙ্গোপাসনং লোকে পুরশ্চরণমুচ্যতে।
পঞ্চাঙ্গোপাসনং লোকে শাক্ত বৈষ্ণবভেদতঃ।
পুরশ্চরণম্ ইত্যুক্তং শিবেন পরমাত্মনা।

বৈশ্যাক্‌সেনার মতে —

পঞ্চাঙ্গোহয়ং মহাযাগঃ পুরশ্চরণসঞ্জ্ঞকঃ।
সাধনং পুরুষার্থানামন্যে যাগা সহস্রকাঃ।
অস্য পঞ্চাঙ্গ যাগস্য কলাং নার্হন্তী ষোড়শীম্।
বিশেষতঃ কলিযুগে জপযাগ প্রশস্যতে।

রামার্চনচন্দ্রিকায় বলছেন —

গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসন্নেন যথাবিধি।
পাঞ্চঙ্গোপাসনে সিদ্ধিঃ পুরশ্চৈতদ্‌বিধীয়তে।

মেরুতন্ত্রে আছে —

জপো হোমস্তর্পণঞ্চ মার্জনং বিপ্রভোজনং।
পঞ্চাঙ্গং কর্মরূপং তদাহুঃ কেচন তত্র তু।
চতুরঙ্গাস্তথা ত্র্যঙ্গা দ্বয়াঙ্গা একাঙ্গিনোহপি চ।
মন্ত্রাস্তিষ্ঠন্তি বেদেষুতথা তন্ত্রেহপি শাবরে।
ক্বচিৎ ষড়াঙ্গা মন্ত্রাঃ স্যুস্তদঙ্গানাং জপাদিভিঃ।
অঘমর্ষণ সূর্য্যার্ঘ্য জলপান প্রমাণকৈঃ।
দেবাচর্য্যা পঞ্চভিশ্চ তৈরেবং স্যুর্দশাঙ্গকাঃ।
দূতীযাগাস্তথা চৌলীকর্মতশ্চক্রপূজনাৎ।
ভগলিঙ্গ সমাযোগাজ্জপাচ্চ বলিদানতঃ।
মহাবলি প্রদানাচ্চ ভবন্ত্যেকাদশাঙ্গকাঃ।
ষোড়শাঙ্গাঃ কৌলিকানাং বামিকানাং দ্বিকোণিতাঃ।
অমর্যশ্মরি সেবাতোহষ্টাদশাঙ্গাস্ত্বঘোরিণাম্!

সারসংগ্রহে —

জপোহোমস্তর্পণঞ্চ স্বাভিষেকা বিভাবনম্।

সূর্য্যার্ঘ্যং জলদানঞ্চ প্রণামো দেব পূজনম্।

ব্রাহ্মণানাং ভোজনঞ্চ পূর্বপূর্বক্রমেণ তু।

দশাঙ্গোপাসনং ভক্ত্যা পুরশ্চরণমুচ্যতে।

তদ্দশাংশেন বিপ্রেন্দ্রান্ যুবতীকুলকন্যকাঃ।

শিবাখ্যংভোজয়েৎ সম্যক্ পুরশ্চরণমীদৃশম্।

ব্রাহ্মণান্ ভোজয়েন্নত্র মঞ্জুঘোষে ষড়ক্ষরে।

চতুরঙ্গস্তু তৎ প্রোক্তং সপ্তাঙ্গং কালিকাদিষু।

মুণ্ডমালাতন্ত্র বলছেন —

যাবদ্ যস্মিন্ জপঃ প্রোক্তো মন্ত্রং তাবজ্জপেৎ পুরঃ।

ততস্তু তদ্দশাংশং হি হোমং কুর্য্যাদ্ বিচক্ষণঃ।

তস্যাপি চ দশাংশেন তর্পণং সমুদাহৃতম্।

তদ্দশাংশং ততঃ কুর্য্যান্মার্জানং তু বিশেষতঃ।

তস্যাপি চ দশাংশেন প্রোক্তং ব্রাহ্মণ ভোজনম্।

কুমারীভোজনম্ তদ্‌বৎ গুরবে দক্ষিণাং তথা।

এবং গুরুপ্রসাদেন পুরশ্চরণকর্মকৃৎ।

মন্ত্রসিদ্ধিমবাপ্নোতি পরমার্থং হি সাধকঃ।

ফেৎকারিণীতন্ত্রে আছে —

ন জপেম্বাধিকারোহস্তি পঞ্চাঙ্গোপাসনাদৃতে।

তন্ত্রাদর্শে —

পঞ্চাঙ্গোপাসনা দেবি ন কৃত্বা চেৎ-প্রবর্ত্ততে।

খণ্ডেহপি তস্য মন্ত্রার্থো ন সিদ্ধতি কদাচন।

গোপালমন্ত্রে হোমসংখ্যা এবং তর্পণসংখ্যা সমান। বৈশম্পায়ন সংহিতার — ইহ গোপাল.... — বচনটি এক্ষেত্রে প্রমাণ হিসাবে গৃহীত হতে পারে।

আবশ্যকতা বিচারোল্লাস

পুরশ্চরণের আবশ্যকতা —

মন্ত্রসিদ্ধি এবং প্রয়োগাদি সাফল্যের জন্য প্রথমেই পুরশ্চরণ করা আবশ্যক। যে সাধক পুরশ্চরণ করেন নি, তাঁর পক্ষে জপ, পূজা, ন্যাস প্রভৃতি সমস্তই নিষ্ফল। পুরশ্চরণের পরে কিছুই অসাধ্য থাকে না—পুরশ্চরণ দ্বারাই দেবতা প্রসন্ন এবং বশীভূত হন। যিনি পুরশ্চরণ করেন নি, তাঁর কৃত সমস্ত অনুষ্ঠানই ব্যভিচারবৎ। মন্ত্রসিদ্ধির পথে তিনটি প্রতিবন্ধক, যথা—'অশ্রদ্ধা', 'নাস্তিক্য' এবং পূর্ব — জন্মকৃত অশুভ কার্য। এই তিনটি প্রতিবন্ধকই শুধু পুরশ্চরণ দ্বারা দূরীভূত হয়। প্রাণহীন দেহ যে রকম সকল কার্য্যে অক্ষম, পুরশ্চরণ হীন মন্ত্রও সেই প্রকার সাধনাক্ষেত্রে ব্যর্থফল দান করে। স্বয়ং পুরশ্চরণে কোন কারণে অশক্ত হলে গুরুদেব অথবা তাঁর নির্দেশে তৎস্থানীয় অভিজ্ঞ সাধক, নিজ স্ত্রী, অথবা পুত্রের দ্বারাও পুরশ্চরণ করা যেতে পারে। গুরুমুখ থেকে মন্ত্র গ্রহণ করে সর্বস্ব ব্যয় করেও সর্বাগ্রে পুরশ্চরণ করা কর্ত্তব্য। নচেৎ পূজাদিতে অধিকার হয় না এবং প্রয়োগাদি ফলপ্রদ হয় না। (উত্তর তন্ত্র প্রমাণ)। পুরশ্চরণ বিনা দীক্ষা এবং মন্ত্র গ্রহণ নিরর্থক।

বীরচূড়ামণি এবং কালীতন্ত্রে আছে —

> পুরশ্চরণহীনস্য মন্ত্রসিদ্ধির্নজায়তে।
> আদৌ পুরষ্ক্রিয়াং কুর্য্যাৎ নিয়মেন যথাবিধি।

বীরতন্ত্রের প্রমাণ —

> আদৌ মন্ত্রস্য সিধ্যর্থং পুরশ্চরণমাচরেৎ।
> ততো সিদ্ধমনুর্মন্ত্রী কাম্যকর্মাণি সাধয়েৎ।

উত্তরতন্ত্রে আছে —

সর্বস্বেনাপি কর্ত্তব্যম্ পুরশ্চরণমুত্তমম্।
অন্যথা নাধিকারঃ স্যাৎ তস্যপূজাদিষু প্রিয়ে।

বৃহন্নীলতন্ত্র, কুব্জিকাতন্ত্র ও শক্তিসঙ্গমতন্ত্রের মতে —

অথ বক্ষ্যে মহেশানি পুরশ্চর্য্যাবিধিং শিবে।
অকৃত্বা তু পুরশ্চর্য্যাং মন্ত্রং জপতি নিত্যশঃ।
কল্পকোটি জপেনাপি মন্ত্রং জপতি নিত্যশঃ।
কল্পকোটি জপেনাপি তস্য সিদ্ধির্ন জায়তে।
জীবহীনো যথা দেহী সর্বকর্মসু ন ক্ষমঃ।
পুরশ্চরণহীনোহপি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ।

সনৎকুমারতন্ত্রে আছে —

অথ বক্ষ্যামি মন্ত্রস্য পুরশ্চরণমুত্তমম্।
কৃত্বাভিষেকো বিধিবন্ মন্ত্রং লব্‌ধ্বা গুরোর্মুখাৎ।
শুভে মুহূর্ত্তে নক্ষত্রে তিথৌ স্নাত্বা যথাবিধি।
বিপ্রান্ সন্তোষ্য যত্নেন ভোজনাচ্ছাদনাদিভিঃ।
ভু-বিত্ত-বস্ত্র-ভূষাঢ্যৈঃ সন্তোষ্য গুরুমাত্মনঃ।

যোগিনীহৃদয় বলছেন —

গুরোরাজ্ঞাং সমাদায় শুদ্ধান্তঃকরণো নরঃ।
ততো পুরস্ক্রিয়াং কুর্য্যান্‌মন্ত্র সংসিদ্ধি কাম্যয়া।
জীবহীনো যথা দেহঃ সর্বকর্মসু ন ক্ষমঃ।
পুরশ্চরণহীনোহপি তথামন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ।
তস্মাদ্ আদৌ স্বয়ং কুর্য্যাদ্‌গুরুং বা কারয়েৎ বুধঃ।
গুরোরভাবে বিপ্রং বা সর্বপ্রাণীহিতেরতম্।
স্নিগ্ধং শাস্ত্রবিদং মিত্রং নানাগুণ সমন্বিতম্।
স্ত্রিয়ং বা সদ্‌গুণোপেতাং সপুত্রং বিনিযোজয়েৎ।

আরও বলেছেন —

গৃহীত্বা ভাগ্যতোমন্ত্রমিমং সদ্গুরুবক্ত্রতঃ।
পুরশ্চর্য্যামবশ্যং হি কুর্বীত বিজিতাত্মনঃ।

কৌলাবলীতে আছে —

পুরশ্চরণ সম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ।
কিং হোমৈঃ জপৈশ্চৈব কিং মন্ত্রন্যাসবিস্তরৈঃ।
বশ্যায় সর্বমন্ত্রাণাং যদি ন স্যাৎ পুরস্ক্রিয়া।

পুরশ্চরণ চন্দ্রিকায় আছে —

বিনা যেন ন সিদ্ধিঃ স্যান্‌মন্ত্রো বর্ষশতৈরপি।
কৃতেন যেন লভতে সাধকঃ বাঞ্ছিতং ফলম্।
পুরশ্চরণ সম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ।
অতঃপুরস্ক্রিয়াং কুর্য্যান্ মন্ত্রবিৎ সিদ্ধিকাঙ্খ্যয়া।
সম্যক্ সিদ্ধৈক মন্ত্রস্য নাসাধ্যং বিদ্যতে ক্বচিৎ।
বহুমন্ত্রবতঃ পুংসঃ কাকথা শিব এব সঃ।
কিং হোমৈঃ কিং জপশ্চৈব কিং মন্ত্রন্যাস বিস্তরৈঃ।
রহস্যানাং হি মন্ত্রাণাং যদি ন স্যাৎ পুরস্ক্রিয়া।
পুরস্ক্রিয়া হি মন্ত্রাণাং প্রধানং জীব উচ্যতে।

যামলে —

অকৃত্বা তু পুরশ্চর্য্যাং যো যৎকর্ম সমাচরেৎ।
তৎ তস্য চাভিচারায় জায়তে নাত্র সংশয়ঃ।

নিরুত্তরতন্ত্রে —

পুরশ্চর্য্যাকৃতাবীরাঃ প্রশস্তা বীরসাধনে।
পুরশ্চর্য্যা বিহীনাশ্চেন্নযোজ্যাঃ কুল সাধনে।
যোজ্যশ্চেৎ সিদ্ধিহানিঃ স্যাৎ রৌরবং নরকং ব্রজেৎ।

গন্ধর্বতন্ত্রে —

অশ্রদ্ধা চৈব নাস্তিক্যং পূর্বজন্মকৃতাশুভম্।

প্রতিবন্ধত্রয়ং দেবি মন্ত্রসিদ্ধৌ নিগদ্যতে।

যত্নাৎ পুরশ্চরেন্মন্ত্রী প্রতিবন্ধ বিনাশনে।

শ্রীতত্ত্বচিন্তামণিতে —

তস্মাদাদৌ পুরশ্চর্য্যা কর্ত্তব্যা সাধকোত্তমৈঃ।

যেনানুষ্ঠান মাত্রেণ বশমায়ান্তি দেবতাঃ।

রামার্চনচন্দ্রিকায় —

সংসার দুঃখভূয়িষ্ঠে য ইচ্ছেৎ সুখমাত্মনঃ।

পঞ্চাঙ্গোপাসনেনৈব রামং ভজতু ভক্তিতঃ।

পঞ্চাঙ্গোপাসনং ভক্ত্যা পুরশ্চরণমুচ্যতে।

এতৎ হি বিদুষাংশ্রেষ্ঠং, সংসারোচ্ছেদকারণম্।

নানেন সদৃশো ধর্মো নানেন সদৃশস্তপঃ।

নানেন সদৃশোধর্মো নানেন সদৃশসন্তপঃ।

নানেন সদৃশংকিশ্চিৎ ইষ্টার্থস্য তপোধন।

বাড়বানলীয় বলছেন —

পুরশ্চর্য্যা বিনা মন্ত্রা ন সিদ্ধ্যন্তি কদাচন।

ন তে মন্ত্রাঃ প্রয়োগার্হা ন তে মন্ত্রাঃ ফলপ্রদাঃ।

তত্রৈব —

দীক্ষা হি বিফলাজ্ঞেয়া পুরশ্চর্য্যামকুর্বতাম্।

— বর্তমানে অল্পজ্ঞ সাধকগণ বুঝতে পারছেন, কেন পুরশ্চরণহীণ মন্ত্রকে মৃতদেহের সঙ্গে তুলনা করা হয়েছিল। পুরশ্চরণ না করলে কোনদিন কোন মন্ত্র সিদ্ধ হতে পারে না। আগম, নিগম, যামলাদি এরকম মতই পোষণ করেন।

সংখ্যানিরূপণোল্লাস

পুরশ্চরণে জপাদির সংখ্যা নিরূপণ

পুরশ্চরণে জপ, হোম, তর্পণ, এবং অভিষেকাদির সংখ্যানিরূপণ এবং যুগভেদে বিধান নিম্নরূপ।

দেবতা এবং মন্ত্রভেদে পুরশ্চরণের জপ হোমাদি সংখ্যার তারতম্য হয়। সাধারণতঃ পুরশ্চরণের জপসংখ্যা একলক্ষ। হোমসংখ্যা তার দশভাগের একভাগ অর্থাৎ দশহাজার। তর্পণ হোমসংখ্যার দশভাগের একভাগ অর্থাৎ এক হাজার। অভিষেক ঐ প্রকার তর্পণ সংখ্যার দশভাগের একভাগ অর্থাৎ একশত। ব্রাহ্মণ ভোজন তর্পণ সংখ্যার দশভাগের একভাগ অর্থাৎ দশজন। দেবতা ভেদে পুরশ্চরণে জপসংখ্যা যতই হোক, হোম তর্পণ অভিষেক এবং ব্রাহ্মণ ভোজন ঐ প্রকার দশাংশ হিসাবে নির্ণয় করতে হবে। শাস্ত্রে যুগভেদ বিধান আছে। অর্থাৎ সত্যযুগে জপ শাস্ত্রোক্ত সংখ্যানুরূপ করতে হবে, ত্রেতাযুগে দ্বিগুণ, দ্বাপরে তিনগুণ এবং কলিতে চতুর্গুণ করতে হবে। অর্থাৎ পুরশ্চরণে জপসংখ্যা যদি একলক্ষ হয়, তাহা সত্যযুগে পালনীয়। ত্রেতায় সেই পুরশ্চরণের জপসংখ্যা দুইলক্ষ, দ্বাপরে তিনলক্ষ এবং কলিযুগে চারলক্ষ। হোম, তর্পণাদি জপসংখ্যার দশাংশ হিসাবে। অনেক তন্ত্র এই প্রকার যুগসেবা পরিশ্রম নিষেধ করেছেন। অধিকাংশ তন্ত্রের মতে কালী, তারা প্রভৃতি সিদ্ধ বিদ্যা বিষয়ে যুগসেবা পরিশ্রম নেই—অর্থাৎ একলক্ষ জপেই পুরশ্চরণ সিদ্ধ হবে। গৌতমীয় তন্ত্রে শ্রীকৃষ্ণ বিষয়ে—সকলমন্ত্র পুরশ্চরণে যুগসেবা পরিশ্রম নিষেধ করেছেন। দিব্য এবং বীরভাবাবলম্বী সাধকের পক্ষে যে কোন দেবতার পুরশ্চরণে যুগসেবা পরিশ্রম নেই বলে অনেক তন্ত্রে নির্দেশ আছে।

মেরুতন্ত্র, কুমারীতন্ত্র, কালীকল্প প্রমুখ কয়েকটি তন্ত্র পুরশ্চরণ কালে দিবসে একলক্ষ এবং পুনরায় রাত্রিতে একলক্ষ জপ করবার বিধান দিয়েছেন। পরন্তু নিরুত্তর, কালীক্রম, শাক্তানন্দ, তন্ত্রচূড়ামণি প্রভৃতি তন্ত্রে স্পষ্টই উক্ত হয়েছে

যে দিব্য-বীর ভাবাবলম্বী সাধকগণ শুধু রাত্রিতেই জপ করবেন এবং পশুভাবে যারা পুরশ্চরণ করবেন তাঁরা দিবসে জপ করবেন। পরন্তু "নানাচারো ন কর্ত্তব্য" "যো ভাবো যস্য বৈ প্রোক্ত" "সম্প্রদায় বিহীনেন ফলং নস্যাৎ" এবং অন্যান্য প্রমাণ দ্বারা দিব্য এবং বীর ভাবাবলম্বী সাধকদের পশুভাব অবলম্বন নিষিদ্ধ হয়েছে, সেইরকম অন্যান্য সম্প্রদায়ের, বিশেষতঃ বৈষ্ণবের পক্ষেও রাত্রিতে জপ করা নিষেধ। সুতরাং পূর্ণাভিষিক্ত এবং দিব্য-বীর ভাবাবলম্বী সাধক পুরশ্চরণ কালে দিবসে যথানিয়মে নিত্যপূজাদি করবেন এবং রাত্রিতে পুনরায় পূজা করে বিধিপূর্বক একলক্ষ জপ করবেন। পশুভাবাবলম্বী এবং শৈব বা বৈষ্ণবাচারী সাধকগণ দিবসে নিত্যপূজাদি সমাপনান্তে দিবসেই যথানিয়মে একলক্ষ জপ করবেন। তাদের পক্ষে রাত্রিতে জপ করা অনাবশ্যক।

মায়াতন্ত্র এবং কালীকুলার্ণবতন্ত্রের মতে যুগভেদ ব্যবস্থা সম্পূর্ণ ভিন্নপ্রকার। যথা—সত্যযুগে বারলক্ষ, ত্রেতায় তিনলক্ষ, দ্বাপরে চারলক্ষ, এবং কলিতে একলক্ষ জপে পুরশ্চরণ সিদ্ধ হয়।

কালীকল্পে এবং মেরুতন্ত্রে —

লক্ষমেকং ভপেন্মন্ত্রং হবিষ্যাশী দিবাশুচিঃ।

অশুচিশ্চ তথা রাত্রৌ লক্ষমেকং জপেন্‌মনুম্।

দশাশং হোময়েদাজ্যৈস্তর্পয়েদভিষেচয়েৎ।

বীরচূড়ামণির মতে —

চতুর্লক্ষং জপেন্‌মন্ত্রী দশাংশং জুহুয়াৎ সুধীঃ।

পদ্মৈস্ত্রি মধুরোপেতৈর্বাক্‌পতির্জায়তে নরঃ।

নিরুত্তরতন্ত্রে —

দিবালক্ষং জপেদ্‌বিদ্যাং হবিষ্যশী সদাশুচিঃ।

দশাংশং জুহুয়াদ্‌বহ্নৌ তদ্দাশাংশঞ্চ তর্পণম্।

তদ্দশাংশাভিষেকঞ্চ তীর্থতোয়েন পার্বতি।

তদ্দশাংশং হবিষ্যান্নৈর্ভক্তিতোভোজয়েদ্‌দ্বিজান্।

পাশবং কথিতংকল্পং শৃনুবীরমতঃ প্রিয়ে।

নক্তং যামগতে দেবি স্বকুলং পরিচিন্তয়েৎ।

তত্ত্বচিন্তাপরোমন্ত্রী জপেল্লক্ষং কুলাকুলম্।

দশাংশং জুহুয়াদগ্নাবাসবৈঃ পললান্যিতৈঃ।

তদ্দশাংশং তর্পণঞ্চ সুধাপলল সংযুতম্।

অভিষেকং তদ্দশাংশং তীর্থতোয়েন পার্বতি।

কুলদ্রব্যৈস্তদ্দশাংশৈর্ভক্তিতো ভোজায়েদ্‌দ্বিজান্।

আদাবন্তে চ মধ্যে চ শক্তানাং ভোজয়েৎ কুলম্।

তদভাবে মহেশানি শক্তিমাত্রং প্রপূজয়েৎ।

পুরশ্চরণকালে তু যদি শক্তিং ন পূজয়েৎ।

তস্য পূজা জপো হোমো হ্যবিচারায় কল্পতে।

বৃহন্নীলতন্ত্রে —

লক্ষমেকং জপেদ্‌বিদ্যাং হবিষ্যাশী জিতেন্দ্রিয়ঃ।

উচ্চস্থানেষু দেবেশি তদাসনস্য সংস্থিতিঃ।

অনন্তর দশাংশেন ক্রমাদ্ হোমাদিকং চরেৎ।

জপান্তে প্রত্যহং মন্ত্রী হোময়েৎ তদ্দশাংশতঃ।

তর্পণং চাভিষেকঞ্চ তদ্‌দশাংশতো মনোঃ।

প্রত্যহং ভোজয়েদ্ বিপ্রান্ ন্যূনাধিক প্রশান্তয়ে।

অথবা সর্বসম্পূর্ণং হোমাদিকমথাচরেৎ।

কালীক্রমে, শাক্তানন্দতরঙ্গিণীতে এবং তন্ত্রচূড়ামণিতে আছে —

স্বাচার নিরতোনিত্যং দিবালক্ষং জপেৎ পশুঃ।

দিব্যো বাপ্যথবা বীরো রাত্রৌ লক্ষং জপং চরেৎ।

কালীকুলার্ণবে —

পশুস্তরুর্মুখাদ্‌লব্ধাং বিদ্যাকালঘনপ্রভাম্।
পাশবেন তু কল্পেন লক্ষং জপতি সাধকঃ।
দিব্যগুরুমুখাল্লব্ধো কালিকা দিব্যরূপিনীম্।
লক্ষং জপেৎ সদা মন্ত্রং বীরকল্পেন সাধকঃ।

কুমারীতন্ত্রে —

লক্ষমেকং জপেদ্‌বিদ্যাং হবিষ্যাশী দিবা শুচিঃ।
রাত্রৌ তাম্বুলপুরাস্যঃ শয্যায়াং লক্ষমানতঃ।
এবং লক্ষদ্বয়ং জপ্‌ত্বা তদ্দশাংশেন মন্ত্রবিৎ।
অযুতং হোময়েদ্‌দেবীং দিবারাত্রি প্রভেদতঃ।

স্বতন্ত্রতন্ত্রে আছে —

দিবালক্ষং শুচির্ভূত্বা হবিষ্যাশী জপেন্নরঃ।
ততস্তু তদ্দশাংশেন হোময়েদ্ হবিষা প্রিয়ে।
তর্পয়েৎ তীর্থতোয়েন পয়সা হবিষা তথা।
মধূনা বা সিতামিশ্রতোয়েন পরমেশ্বরি।
দেবীঞ্চাভিষিঞ্চেত্তোয়ৈস্তর্পণস্য দশাংশতঃ।

মায়াতন্ত্রে আছে —

জপেদষ্টাধিকং লক্ষং পুরশ্চরণ সিদ্ধয়ে।
দশাংশং হোময়েদ্‌আজ্যৈস্তিলমিশ্রৈঃ সুসাধকঃ।
তর্পণঞ্চাভিষেকঞ্চ তদ্দশাংশত আচরেৎ।
ব্রাহ্মণান্ ভোজয়েদন্তে দক্ষিণাং গুরুবে দদেৎ।
এবং সিদ্ধমনুমন্ত্রী প্রয়োগাংস্তু সমাচরেৎ।

কালানলতন্ত্রে —

অনেনোক্তবিধানেন লক্ষসংখ্যং জপেন্মনুম্।

হোমং দশাংশতঃ কুর্য্যাৎ তর্পণং চাভিষেচনম্।

ততঃ সিদ্ধমনুর্মন্ত্রী প্রয়োগানাচরেৎ প্রিয়ে।

তারাতন্ত্রে ও নীলতন্ত্রে আছে —

স্বেচ্ছাচারপরোমন্ত্রী পুরশ্চরণ সিদ্ধয়ে।

রহস্যমালামাদায় লক্ষমেকং জপেৎ সদা।

তত্র যুগভেদ বিধানম্।

আগম কল্পদ্রুমের মতে —

যস্মিংশ্চ নিগদেনৈব মন্ত্রসংখ্যা বিধীয়তে।

অত্র সর্বত্র মন্ত্রাণাং সংখ্যাবৃদ্ধিঃ যুগক্রমাৎ।

কল্পোক্তৈব কৃতে সংখ্যা ত্রেতায়াং দ্বিগুণো ভবেৎ।

দ্বাপরে ত্রিগুণো প্রোক্ত কলৌ সংখ্যা চতুর্গুণাঃ।

বৈশম্পায়ন সংহিতায় বলছেন —

জপাদৌ সর্বতন্ত্রেষু যথা সংখ্যা বিধীয়তে।

তত্র সর্বত্র মন্ত্রাণাং সংখ্যাবৃদ্ধি যুগক্রমাৎ।

প্রজপেদুক্ত সংখ্যায়াশ্চতুর্গুণ জপং কলৌ।

বায়বীয় সংহিতায় আছে —

কৃতে জপস্তু কল্পোক্তস্ত্রেতায়াং দ্বিগুণো জপঃ।

দ্বাপরে ত্রিগুণঃ প্রোক্তশ্চতুর্গুণ জপঃ কলৌ।

মায়াতন্ত্রে এবং কালীকুলার্ণবে —

যুগভেদবিধানং হি কথয়ামি শৃনুষ্ব তৎ।

সত্যে দ্বাদশলক্ষন্তু ত্রেতায়াঞ্চ ত্রিলক্ষকম্।

চর্তুলক্ষং দ্বাপরে চ একলক্ষং কলৌ জপেৎ।

পুরশ্চরণরসোল্লাসে আছে —

দিবালক্ষং মহেশানি নিয়তাত্মা জপঞ্চরেৎ।

দিব্যবীরমতেনৈব রাত্রৌ লক্ষং জপেৎ সুধীঃ।

যুগভেদেন চার্বঙ্গি জাতিভেদে তথৈব চ।

শ্যামার্চনচন্দ্রিকা এবং একবীরকল্পের মতে —

ভাবনারহিতানান্তু শূদ্রাণাং ক্ষুদ্রচেতসাম্।

চতুর্গুণঃ জপঃ প্রোক্তঃ সিদ্ধয়ে নান্যথা কলৌ।

মন্ত্রতন্ত্রপ্রকাশে —

জপেন্নিরন্তরং বিদ্বানষ্টলক্ষাণ্যতন্দ্রিয়ঃ।

মন্ত্র সিদ্ধিরয়ং প্রোক্তা যুগেত্বাদ্যে মনীষিভিঃ।

দ্বিতীয়ে দ্বিগুণা তস্মাৎ তৃতীয়ে ত্রিগুণা তু সা।

কলৌ চতুর্গুণা প্রোক্তা মুনিভির্নারদাদিভিঃ।

সংখ্যাপূর্ত্তৌ নিজদ্রব্যৈর্জপ সংখ্যা দশাংশতঃ।

যথোক্ত কুণ্ডে জুহুয়াদ্ যথাবিধি সমাহিতঃ।

অথবা প্রত্যহং জপ্ত্বা জুহুয়াত্তদ্দশাংশতঃ।

ততো হোম দশাংশং তু জলে সম্পূজ্য দেবতাম্।

তর্পয়ামীতি মন্ত্রান্তে প্রোক্তাদ্ভির্মূর্দ্ধি তর্পয়েৎ।

স্বাভিষেকাঘমর্ষৌ চ সূর্য্যার্ঘ্যং জলপানকম্।

প্রণামং মন্ত্রতঃ পূর্বপূর্ববৎ তদ্দশাংশতঃ।

তদন্তে মহতী পূজাং কুর্য্যাদ্ ব্রাহ্মণ ভোজনম্।

গুরুং সন্তোষয়েদ্ এবং মন্ত্রাঃ সিধ্যন্তি মন্ত্রিণঃ।

দশাঙ্গোপাসনা ভক্ত্যা পুরশ্চরণমুচ্যতে।

জপো হোমস্তর্পণঞ্চ পূজা ব্রাহ্মণ ভোজনম্।

পূর্বপূর্ব দশাংশেন কুর্য্যাৎ পঞ্চাঙ্গ সংযুতম্।

যদ্যদঙ্গং বিহীয়েত তৎসংখ্যা দ্বিগুনো জপঃ।

কর্ত্তব্যাশ্চাঙ্গ সিধ্যর্থং তদশক্তেন ভক্তিতঃ।

বালাতন্ত্র ও আগমকল্পদ্রুমে আছে —

সিদ্ধবিদ্যা তয়ানাত্র যুগসেবা পরিশ্রমঃ।

মালামন্ত্রে ত্রিকূটায়াং তথৈকাক্ষর মন্ত্রকে।

বীজমাল্যে চৈকবীজে মহামন্ত্রে ত্রিবীজকে।

ন স্থান প্রয়তো দোযা যুগসংখ্যাদি দুষণম্।

শ্রীক্রমে —

কালীমন্ত্রে ত্রিকূটায়াং তথৈকাক্ষর মন্ত্রকে।

বীজমাল্যে (মালামন্ত্রে) চৈকবীজে মহামন্ত্রে ত্রিবীজকে।

নারিদোষ স্তথাশৌচার্ঝণ দোষাভদূষণম্।

কৌলাবলীয়ে —

ন দিব্যবীরয়োরের যুগসেবা পরিশ্রমঃ।

পশূনাং বিদ্যতেচাত্র সংখ্যাবৃদ্ধির্যুগক্রমাৎ।

বিশ্বসারতন্ত্রে —

মহাবিদ্যা বিষয়ে তু জপং লক্ষং প্রমাণকম্।

সর্বত্র সর্বতন্ত্রেষু কথিতঃ পদ্মযোনিনা।

মুণ্ডমালা বলছেন —

সিদ্ধ বিদ্যা মহাবিদ্যা যুগসেবা পরিশ্রমম্।

নাস্তি কিঞ্চিন্মহাদেবি দুঃখ সাধ্যং কদাচন।

তন্ত্রচূড়ামণির মতে —

সিদ্ধমন্ত্রে তয়া নাস্তি যুগ সেবা পরিশ্রমঃ।

সুরেন্দ্র সংহিতায় আছে —

লক্ষমাত্রং জপেন্মন্ত্রং দশাংশমসিতোৎপলৈঃ।

ব্রহ্মযামলে —

দেবিং ধ্যাত্বা জপেন্মন্ত্রং লক্ষ সংখ্যং হবিষ্যভুক্।

মালিনী বিজয়ে —

ইত্যাদ্যঃ সকলা বিদ্যাঃ কলৌ পূর্ণ ফলপ্রদা।

সিদ্ধমন্ত্র তয়ানাত্র যুগসেবা পরিশ্রমঃ।

তথাচৈতা মহাবিদ্যাঃ কলিদোষান্ন বাধিতা।

গৌতমীয়তন্ত্রে —

সিদ্ধমন্ত্রে তয়া নাত্র যুগসেবাপরিশ্রমঃ।

তত্রৈব—কৃষ্ণমন্ত্রেষু সর্বেষু যুগসংখ্যা ন বিদ্যতে।

জপতর্পণ সেবাদৈঃ সিধ্যন্তে কৃতসংখ্যয়া।

সংখ্যা নিরূপণ পুরশ্চরণের একটি প্রাকরণিক মুখ্য বিষয়। পুরশ্চরণারম্ভের পূর্বে এই সংখ্যা নির্ণয় বিষয়ক কর্মটি করে ফেলতে হয়। পুরশ্চরণের কোন্ অঙ্গ কত সংখ্যকবার নিষ্পন্ন হবে এবং কতদিন ধরে তা চলবে এসব নির্ভুল হিসাব করে স্থিরীকৃত করতে হয়, অন্যথায় সবই বৃথাশ্রম হয়।

নিষেধোল্লাস

পুরশ্চরণকালে নিষিদ্ধ কার্যাবলী

অদীক্ষিতের পুরশ্চরণ নিষেধ এবং দীক্ষার আবশ্যকতা আছে।

অদীক্ষিত-ব্যক্তিকৃত জপ, পুরশ্চরণ, পূজা প্রভৃতি সমস্তই নিষ্ফল। গুরুদেবের মুখ থেকে মন্ত্র শ্রবণ না করে পুস্তক অথবা অন্য কোনো শাস্ত্র পাঠ করে কিম্বা অন্য কারো কাছ থেকে শ্রুত মন্ত্রে যে কোন প্রকার সাধনাই বিফল এবং নানা প্রকার দুর্গতির কারণ। ব্রহ্মযামলে উক্ত হয়েছে, অনভিষিক্ত ব্যক্তি ভক্তিভাবে সহস্র প্রকার উপচার দ্বারা অর্চনা করলেও দেবতা সেই পূজা গ্রহণ করেন না। গুরুর আজ্ঞাতে দুষ্টমন্ত্রও সিদ্ধিপ্রদ। গুরুকে লঙ্ঘন করে স্বয়ং দেবতাও মন্ত্রদানে অধিকারী হন না। গুরু মুখ থেকে মন্ত্র শ্রবণ না করলে সকল প্রকার সিদ্ধির হানি হয়।

দীক্ষা বিহীন জীবের নানা প্রকার দুর্গতি এবং নরক থেকে নিস্তার লাভের কোন উপায় নেই। সকল প্রকার মহাপাতক এবং দুষ্কৃতি থেকে একমাত্র দীক্ষার দ্বারাই পরিত্রাণ লাভ করা যায়। আত্মাকে মন্ত্রসংস্কৃত এবং উন্নত করবার জন্য মনুষ্য মাত্রেরই কুলাচারী কুলগুরুর কাছে দীক্ষা গ্রহণ কর্ত্তব্য।

মন্ত্র-মাহাত্ম্য, মন্ত্রশব্দের অর্থ এবং মন্ত্রদানে ফল

মন্ত্র ঈশ্বর, মন্ত্রই মহৌষধ, মন্ত্র সর্ব সিদ্ধিপ্রদ। দেবতা, গুরু, আত্মা ও মন্ত্র এক। যা মনে করলেই সংসার থেকে ত্রাণ হয় এবং যা সর্বসিদ্ধিপ্রদ, তাকেই মন্ত্র বলে। যিনি ব্রাহ্মণাদিকে মহামন্ত্র প্রদান করেন, তিনি সকল পাপ থেকে মুক্ত হন।

দীক্ষাশব্দের অর্থ—দীপ্তজ্ঞান যার দ্বারা লাভ হয় এবং সকল প্রকার পাপ যা 'ক্ষালন' করে, তাকে দীক্ষা বলে। অন্যত্র দীয়তে অর্থাৎ পরম জ্ঞান যা দান করে এবং সর্বপ্রকার পাপ 'ক্ষালন' করে তাকে দীক্ষা বলা হয়।

যোগিনীতন্ত্রে —

অদীক্ষিত যে কুর্বন্তি জপ পূজাদিকা ক্রিয়াঃ।
ন ভবেত্তু ফলং তেষাং শিলায়ামুপ্ত বীজবৎ।
দেবি দীক্ষা বিহীনস্য ন সিদ্ধির্ন চ সদ্গতিঃ।

মহাকাল সংহিতায় আছে —

ন শাস্ত্রমালোক্যবদেন্নাচরেন্ন জপৈরপি।
ন পশ্যেন্নোপদিশ্যাচ্চ ন কুর্য্যান্নৈব সাধয়েৎ।
গুরুপদেশতো লব্ধেজপন্যাসার্চণাদিকে।
পশ্চাৎ তৎসাধয়েৎ সর্বং তদা তদ্ভাবভাবিতঃ।

রুদ্রযামলে —

গুরুং বিনা যস্তু মূঢ়ঃ পুস্তকাদি বিলোকনাৎ।
জপবন্ধং সমাপ্নোতি কিল্বিষং পরমেশ্বরি।
ন মাতা ন পিতা ভ্রাতা তস্য কো বা গতিঃ প্রিয়ে।
গুরুরেকো বরারোহে পাপং নাশয়তি ক্ষণাৎ।
গুরুং বিনা যতস্তন্ত্রেনাধিকারঃ কথঞ্চন।
অতএব প্রযত্নেন গুরুঃ কর্ত্তব্য উত্তমঃ।

ব্রহ্মযামলে —

উপচারৈঃ সহস্রৈস্তু পূজিতা ভক্তি সংযুতৈঃ।
অদীক্ষিতার্চনং দেবা ন গৃহ্নন্তি কদাচন।
তস্য কর্মাখিলং ব্যর্থং তস্মাদদীক্ষিতঃ পশুঃ।

গৌরীযামলে —

যদৃচ্ছয়া শ্রুতং মন্ত্রং ছদ্মনাথ বলেন চ।
পত্রে স্থিতা গাথাবৎ প্রজপ্তমপি নিষ্ফলম্।

মন্ত্রমুক্তাবলীতে আছে —

জপো দেবার্চনবিধিঃ কার্য্যো দীক্ষান্বিতৈর্নরৈঃ!

কৌলিকার্চনদীপিকায়াম্ —

অভিষেকং বিনা যস্তু পুরশ্চর্য্যাং সমাচরেৎ।

পুরশ্চর্য্যাশতেনাহপি তস্যাসিদ্ধির্ন জায়তে।

কুলার্ণবে —

পুস্তকে লিখিতান্ মন্ত্রান্ বিলোক্য প্রজপন্তি যে।

ব্রহ্মহত্যাসমং তেষাং পাতকং পরিকীর্ত্তিতমং।

— ১৫/২২

যোগিনীতন্ত্রে —

কল্পে দৃষ্টা তু মন্ত্রং বৈ যো গৃহ্নাতি নরাধমঃ।

মন্বন্তর সহস্রেষু নিষ্কৃতির্নৈব জায়তে।

কুব্জিকাতন্ত্রে —

অভিষেকং বিনা দেবী ন কুর্য্যান্ মন্ত্রচিন্তনম্।

কৌলাবলীতে আছে —

গুরোরনুজ্ঞামাত্রেণ দুষ্টমন্ত্রোহপি সিধ্যতি।

গুরুং বিলঙ্ঘ্য শাস্ত্রেহস্মিন্ নাধিকারী সুরৈরপি।

এষাঞ্চ তন্ত্রমন্ত্রানাং প্রয়োগং ক্রিয়তে যদি।

গুরুবক্ত্র বিনা চৈব সিদ্ধিহানিঃ প্রজায়তে।

ঐ গ্রন্থের অন্যত্র —

নিজকান্তাং সমানীয় সুশীলাং সূযশস্বিনীম্।

কুলভক্তং গুরুং প্রার্থ্য দীক্ষয়েৎ কুলদীক্ষয়া।

শাক্তানন্দতরঙ্গিণীতে —

মন্ত্রং নীত্বা গুরোঃ পার্শ্বে গুরুভক্তি পুরঃসরঃ।

মন্ত্র শ্রোত্রার্থ হৃন্নেত্র প্রাণাঃ বিজ্ঞায় যত্নতঃ।

মন্ত্রাণাং কীলকম্ জ্ঞাত্বা কুর্য্যান্মন্ত্রং পুরষ্ক্রিয়াম্।

মন্ত্রকোষঃ —

শ্রোত্রাদীনাং জ্ঞানাভাবে মন্ত্র জপং করোতি যঃ।

দারিদ্র্যঞ্চ বিপত্তিঞ্চ নরকং প্রাপ্নুয়াৎ তু সঃ।

তন্ত্রান্তরে —

হৃন্নেত্রবিহীনো মন্ত্রো দারিদ্র্যক্লেশ-দায়কঃ!

তত্রৈব —

শ্রোত্রস্য-নেত্র-হৃদয়-জ্ঞানান্ মোক্ষমবাপ্নুয়াৎ।

সদ্য সিদ্ধিঃ সর্ববিধাস্যাৎ সাক্ষাৎ শিব এব সঃ।

সিদ্ধশঙ্করতন্ত্রে —

এবং লব্ধ্বা গুরোর্মন্ত্রমাজ্ঞাংশ্চৈব সমাহিতঃ।

সংকল্প্য চ জপেন্নিত্যং পুরশ্চরণ পূর্বকম্।

দীক্ষা গ্রহণের আবশ্যকতা এবং অদীক্ষিতের দোষ সম্পর্কে শাস্ত্রবচন গুলি এস্থলে স্মরণীয়

রুদ্রযামলে —

